পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।– আল-কুরআন।

# বিডি সাইন্স একাডেমী

বিষয়: কর্ম ও জীবনমুখী শিক্ষা, লেকচার শিট ▶ ১

শ্রেণি-ষষ্ঠ

## প্রথম অধ্যায়

# কর্মেই আনন্দ



### শিক্ষার্থীরা যা জানবে–

- আত্মমর্যাদা, আত্মবিশ্বাস, সৃজনশীলতা এবং কায়িক ও মেধাশ্রমের ধারণা
- কাজের ক্ষেত্রে আত্মমর্যাদা, আত্মবিশ্বাস ও সৃজনশীলতার ক্ষেত্রসমূহ

## অধ্যায়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলো সংক্ষেপে জেনে রাখি

- 'আত্ম' অর্থ 'নিজ' এবং 'মর্যাদা' অর্থ 'সম্মান'। তাই আত্মমর্যাদা বলতে 'নিজেদের প্রতি সম্মান'কে বোঝায়।
- একজন আত্মমর্যাদাসম্পন্ন মানুষ–
  - ✓ নিজের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করে; কোনো ধরনের ন্যায় কাজ করতে লজ্জাবোধ করে না।
  - ✓ নিজের কোনো শারীরিক বা মানসিক সীমাবদ্ধতা থাকলেও নিজের ৰমতা ও সামর্থ্যকে সম্মান করে।
  - ✓ অন্যের মতামতের প্রতি শ্রদ্ধাশীল থাকে।
- জগদীশচন্দ্র বসু লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ডিগ্রি নিয়ে ভারতবর্ষে ফিরে এলে তাঁকে কলকাতার প্রেসিডেন্সি কলেজে অস্থায়ী অধ্যাপকের পদে নিযুক্ত করা হয়।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিৰা ও গবেষণা ইনস্টিটিউটে পড়ার সময় থেকেই মুসা ইব্রাহিম পর্বতারোহণের জন্য কঠোর অনুশীলনে মগ্ন থাকতেন। ফলে তিনি এভারেস্ট বিজয় করতে সৰম হন।
- 'সৃজনশীলতা হলো নতুন কিছু সৃষ্টি করা। আবার কোনো কাজ নতুনরূ পে নতুনভাবে করাটাও সৃজনশীলতা।
- নোবেল বিজয়ী রবীন্দ্রনাথ ঠাকুর একজন সৃজনশীল লেখক। তাঁর লেখায় কথার বুননে, শব্দ চয়নে, বাক্যের গাঁথুনিতে সবার উপরে জীবন ও দর্শন নিয়ে ভাবনা চিন্তার প্রকাশে আমরা সৃজনশীলতার পরিচয় পাই।
- রং আর তুলিতে শিল্পাচার্য জয়নুল আবেদিন হয়েছিলেন সৃজনশীল।
- বৈদ্যুতিক বাতি, গ্রামোফোন ও টেলিগ্রাফ আবিষ্কার করেন টমাস আলভা এডিসন। সবার বিচারে এডিসন শতাব্দীর অন্যতম সৃজনশীল মানুষ।
- ১৪৫২ সালের ১৫ এপ্রিল ইতালির কালজয়ী চিত্রশিল্পী লিওনার্দো দা ভিঞ্চি ফ্লোরেন্সের অদূরবর্তী ভিঞ্চি নগরের একটি গ্রামে জন্মগ্রহণ করেন। তার পুরো নাম লিওনার্দো দি সের পিয়েরো দা ভিঞ্চি। খুব অল্প বয়সে তার শিল্প মেধার বিকাশ ঘটে। তার বিখ্যাত শিল্পকর্মগুলোর মধ্যে মোনালিসা, দ্য লাস্ট সাপার, ম্যাডোনা অন্যতম।
- সাফল্য অর্জনের জন্য প্রয়োজন কঠোর পরিশ্রম আর অধ্যবসায়। সততার সাথে মেধা আর পরিশ্রমের সমন্বয় ঘটাতে পারলেই সাফল্য অর্জন সম্ভব।
- কায়িক শ্রম বলতে শারীরিক পরিশ্রমকেই বোঝায়।
- যে সকল কাজ আমরা মেধা ব্যবহার করে সম্পাদন করি সে সকল কাজকে মেধাশ্রম বলা হয়। মেধাশ্রম হলো মানসিক শ্রম।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. মর্যাদা অর্থ কী?**

ক বিশ্বাস ● সম্মান
গ দায়িত্ব ঘ সচেতনতা

**২. আত্মমর্যাদা বলতে বোঝায়–**

i. অন্যের মতামতের গুরুত্ব দেওয়া
ii. নিজের অধিকার সম্পর্কে সচেতন থাকা
iii. অন্যের কথায় কান দেওয়া

**নিচের কোনটি সঠিক?**

ক i ● i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**

আসমা মায়ের সাথে তাদের ফুল গাছে নিয়মিত পানি দেয় ও যত্ন করে। তাছাড়া আসাদ সাহেবের করা ছোট্ট একটি মুরগির খামারে কাজ করে। ফলে তাকে সারাদিন ব্যস্ত থাকতে হয়।

**৩. উদ্দীপকে কোন চিত্রটি ফুটে উঠেছে?**

ক আত্মবিশ্বাস খ সৃজনশীলতা
● কায়িক শ্রম ঘ মেধাশ্রম

**৪. এ ধরনের কাজের ফলে আসমা–**

i. প্রফুল্ল থাকবে ii. আত্মসম্মান বৃদ্ধি পাবে
iii. শারীরিক সমস্যায় পড়বে না

**নিচের কোনটি সঠিক?**

ক i খ i ও ii গ i ও iii ● i, ii ও iii

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১** সৃজনশীলতার ধারণা

রহিম মিয়া ডিগ্রি পরীক্ষার পর চাকরির জন্য বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে চাকরি না পেয়ে বন্ধুদের সাথে ব্যবসা শুরু করেন। কিন্তু কিছুদিন পর তাদের ব্যবসায় লোকসান হয়। তার বন্ধুরা মন খারাপ করে বসে থাকলেও রহিম মিয়া দমে যাননি। ছাত্র অবস্থা থেকেই তার হাতের লেখা সুন্দর ছিল। তাই তিনি বিভিন্ন ডিজাইনে আকর্ষণীয় সাইনবোর্ড লেখা শুরু করেন। কিছুদিনের মধ্যেই নিজের বাড়ির সাথে ছোট একটি ঘর তৈরি করে সাইনবোর্ড লেখার দোকান খুলে বেশ ভালো রোজগার শুরু করলেন।

ক. আত্মমর্যাদার অর্থ কী?
খ. আত্মমর্যাদাসম্পন্ন মানুষ বলতে কী বোঝায়?
গ. রহিম মিয়ার কাজটি কী ধরনের? ব্যাখ্যা কর।
ঘ. রহিম মিয়ার চারিত্রিক বৈশিষ্ট্যই তার সাফল্যের চাবিকাঠি

–মূল্যায়ন কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** আত্মমর্যাদার অর্থ হলো নিজের প্রতি সম্মান।

**খ** যারা নিজের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করে, ন্যায় কাজ করতে দ্বিধাবোধ করে না, কোনো প্রতিবন্ধকতা থাকলেও নিজেকে সম্মান করে, অন্যের মতামতের প্রতি শ্রদ্ধাশীল থাকে তারাই আত্মমর্যাদাসম্পন্ন মানুষ।

**গ** রহিম মিয়ার হাতের লেখা সুন্দর হওয়ায় বিভিন্ন ডিজাইনে আকর্ষণীয় সাইনবোর্ড লেখা শুরু করেন। এ কাজের মাধ্যমে তার সৃজনশীলতার পরিচয় ফুটে ওঠে।

কোনো কিছু নতুন করে তৈরি করা, যা ভালো কাজে লাগতে পারে বা কোনো কাজ নতুনভাবে করা এক ধরনের সৃজনশীলতা। সৃজনশীলতা আমাদের সবার ভিতরেই থাকে। একেকজনের ভিতরে থাকে একেক রূপে, একেকজন একেক বিষয়ে সৃজনশীল হয়ে থাকেন। আমাদের ভিতরে লুকানো সৃজনশীলতা আমরা নানারকম কাজের মাধ্যমে প্রকাশ করি।

উদ্দীপকে রহিম মিয়া চাকরি না পেয়ে বন্ধুদের সাথে ব্যবসা শুরু করেছিলেন। ব্যবসায়ে লোকসান হওয়ায় তিনি ছাড়া বাকি বন্ধুরা হতাশ হয়ে পড়েন। কিন্তু রহিম মিয়া নতুন করে আত্মবিশ্বাসী হয়ে তার সুপ্ত মেধা দিয়ে ডিজাইনের কাজ শুরু করেন। কিছুদিনের মধ্যেই তার আর্থিক সচ্ছলতা আসে। তাই আমরা বলতে পারি যে, রহিম মিয়ার কাজটি সৃজনশীলতার পরিচায়ক।

**ঘ** রহিম মিয়ার চারিত্রিক বৈশিষ্ট্যই তার সাফল্যের চাবিকাঠি। এ কথাটিকে মূল্যায়ন করতে হলে রহিম মিয়ার চারিত্রিক বৈশিষ্ট্যকে মূল্যায়ন করা জরবরি। উদ্দীপকে দেখা যায় রহিম মিয়া ব্যবসায়ে লোকসান হওয়ার পরও দমে যাননি। তার সুন্দর হাতের লেখাকে পুঁজি করে সাইবোর্ড লেখার ব্যবসায় শুরব করেন। সাইনবোর্ড লেখার ব্যবসায়ে তিনি বেশ রোজগারও করেন। আমরা তার চরিত্রের মধ্যে প্রথমত আত্মবিশ্বাস বিষয়টি লৰ করি। আত্মবিশ্বাসী মানুষ নিজেদের কর্মৰমতা ও কর্মদৰতা সম্পর্কে জানে এবং সেটার ওপর আস্থা ও বিশ্বাস রাখে। রহিম মিয়াও তার সুন্দর হাতের লেখার ওপর আস্থা ও বিশ্বাস রেখে সাইনবোর্ড লেখার কাজ শুরব করেছিলেন। আমাদের দেশে কায়িক শ্রমকে হেয় দৃষ্টিতে দেখা হয়ে থাকে। রহিম মিয়া ডিগ্রি পাস করার পরেও তার সৃজনশীলতা ও কায়িক শ্রমের সমন্বয়ে সাইনবোর্ড লেখাকে পেশা হিসেবে গ্রহণ করতে দ্বিধাবোধ করেননি।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে–সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**পাঠ ১ : আত্মমর্যাদার ধারণা** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **কাসের মধ্যে প্রকৃত আনন্দ রয়েছে?** (জ্ঞান)
● কাজের ⓐ পড়ালেখার
ⓖ গল্পের ⓘ গানের

২. **'আত্ম' শব্দটির অর্থ কী?** [বন্নু–বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট; সাতৰীরা সরকারি উচ্চ বিদ্যালয়; ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
ⓚ সম্মান ⓐ মর্যাদা
● নিজ ⓘ অপর

৩. **শব্দগত অর্থে আত্মমর্যাদা বলতে কী বোঝায়?** [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ; মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
● নিজেদের প্রতি সম্মান ⓐ অন্যের প্রতি সম্মান
ⓖ নিজের দায়িত্ববোধ ⓘ অন্যের মতামতের প্রতি শ্রদ্ধা

৪. **সম্মান অর্জন করা যায় কীভাবে?** (অনুধাবন)
ⓚ অর্থের মাধ্যমে ● কাজের মাধ্যমে
ⓖ পেশি শক্তি দ্বারা ⓘ সম্পদের মাধ্যমে

৫. **'সম্মান' শব্দটিকে কোন বিষয়টি দ্বারা প্রকাশ করা যায়?** [সরকারি পি. এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
ⓚ অহংকার ⓐ প্রশংসা
ⓖ দায়িত্ববোধ ● মর্যাদা

৬. **আত্মমর্যাদাসম্পন্ন মানুষ কী করে?** (অনুধাবন)
● প্রতিবন্ধকতা সত্ত্বেও নিজেকে সম্মান করে
ⓐ প্রতিবন্ধকতায় আত্মবিশ্বাস হারিয়ে ফেলে
ⓖ নিজের কাজ নিজে করে না
ⓘ অন্যায় কাজে লজ্জাবোধ করে না

৭. **নিজের চারপাশ ও নিজের অবস্থান সম্পর্কে সচেতন থাকে কে?** (জ্ঞান)
ⓚ অসচেতন ব্যক্তি ⓐ মূর্খ ব্যক্তি
ⓖ আত্মমর্যাদাবোধহীন মানুষ ● আত্মমর্যাদাসম্পন্ন মানুষ

৮. **কোনটিতে লজ্জার কিছু নেই, বরং সম্মান বাড়ে?** (অনুধাবন)
ⓚ পড়ালেখার মধ্যে ● কাজ করার মধ্যে
ⓖ ভ্রমণের মধ্যে ⓘ ভালো পোশাক পরিধানের মধ্যে

৯. **তর্ক না করে অপরের মতামতকে কী করা উচিত?** [সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম; নওগাঁ জিলা স্কুল]
ⓚ ঘৃণা করা ● শ্রদ্ধা করা
ⓖ পরিত্যাগ করা ⓘ গ্রহণ করা

১০. **যারা নিজেদের সম্মান করে তাদের ক্ষেত্রে কোন বক্তব্যটি প্রযোজ্য?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর; বন্নু–বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট; সাতৰীরা সরকারি উচ্চ বিদ্যালয়]
● অন্যদেরও সম্মান করে ⓐ আত্মঅহংকারী হয়
ⓖ আত্মনির্ভরশীল হয় ⓘ সৃষ্টিশীল হয়

১১. **নিজের কাজ নিজে করা কাসের পরিচায়ক?** (জ্ঞান)
ⓚ সমালোচনার ● আত্মমর্যাদার
ⓖ দায়িত্বহীনতার ⓘ শ্রদ্ধাশীলতার

১২. **রহিম পরিবারের ভালোবাসা পেতে চায়। এজন্য তার করণীয় কী?** (উচ্চতর দক্ষতা)
● ভালো ব্যবহার করা ⓐ হাসিখুশি থাকা
ⓖ বেশি কথা বলা ⓘ নীরব থাকা

১৩. **মিতু বাড়ির সব কাজে তার মাকে সাহায্য করে। সে মনে করে কাজ করার মধ্যে লজ্জার কিছু নেই বরং এতে সম্মান বাড়ে। মিতুর এ বোধকে কী বলা হয়?** (প্রয়োগ)
ⓚ সৃজনশীলতা ● আত্মমর্যাদাবোধ
ⓖ আত্মবিশ্বাস ⓘ আত্মসম্মান

১৪. **কাজের মাধ্যমে কী অর্জিত হয়?** (অনুধাবন)
● মর্যাদা ⓐ হীনম্মন্যতা

Ⓖ সচেতনতা　　Ⓖ উদাসীনতা

১৫. **মিলির ব্যাগ কাজের মেয়ে বহন করে। এতে কী প্রকাশ পায়?** (প্রয়োগ)
ক মিলির সচেতনতা　　খ মিলির দায়িত্বহীনতা
● মিলির আত্মমর্যাদাহীনতা　　ঘ মিলির উদাসীনতা

১৬. **রুমা বুদ্ধিমতী মেয়ে। সে কার ওপর নির্ভর করবে?** (প্রয়োগ)
ক বাবার　　● নিজের
গ পরের　　ঘ মায়ের

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. **কাজে আনন্দ পায় তারাই যারা–** (অনুধাবন)
i. আত্মমর্যাদাবান
ii. আত্মবিশ্বাসী
iii. সমালোচনাকারী
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii　　খ i ও iii　　গ ii ও iii　　ঘ i, ii ও iii

১৮. **মানুষ হিসেবে আমাদের থাকা উচিত–** (অনুধাবন)
i. আত্মমর্যাদা
ii. দায়িত্বশীলতা
iii. লজ্জাবোধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii　　গ ii ও iii　　● i, ii ও iii

১৯. **মাহমুদা সন্ধ্যাবেলা তার বাবার রিকশা মুছে দেয়। এর মাধ্যমে ফুটে ওঠে–** (প্রয়োগ)
i. দায়িত্বশীলতা
ii. আত্মমর্যাদা
iii. উদাসীনতা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii　　খ i ও iii　　গ ii ও iii　　ঘ i, ii ও iii

২০. **সালাম আত্মমর্যাদাবোধ সম্পর্কে খুবই সচেতন। তার ক্ষেত্রে বলা যায়–** (উচ্চতর দক্ষতা)
i. সে উচ্চস্বরে কথা বলে
ii. বিদ্যালয়ের নিয়মকানুন মেনে চলে
iii. অন্যের কাজে সাহায্য করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii　　● ii ও iii　　ঘ i, ii ও iii

২১. **একজন আত্মমর্যাদাসম্পন্ন মানুষ–** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল]
i. নিজের দায়িত্ব ও কর্তব্য যথাযথ পালন করে
ii. অন্যায় কাজ করতে লজ্জাবোধ করে
iii. অন্যের মতামতের প্রতি শ্রদ্ধাশীল থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii　　গ ii ও iii　　● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
হাবিব নিজের কাজ নিজে করতে পছন্দ করে। নিজের চারপাশ ও নিজের অবস্থান সম্পর্কে সচেতন থাকে। এছাড়া সে অন্যায় কাজ করতে লজ্জাবোধ করে।

২২. **হাবিবের মনোভাবে কী প্রকাশ পায়?** (প্রয়োগ)
● আত্মমর্যাদা　　খ শ্রদ্ধাশীলতা
গ উদাসীনতা　　ঘ লজ্জাবোধ

২৩. **উক্ত মনোভাবের কারণে হাবিব–** (উচ্চতর দক্ষতা)
i. সবার ভালোবাসা পাবে
ii. অধিক জ্ঞান অর্জন করতে পারবে
iii. অধিক পরিশ্রমী হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii　　গ ii ও iii　　● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
তাহমিনা পোলিও রোগে আক্রান্ত হয়েছিল শিশু বয়সে। এতে তার শারীরিক প্রতিবন্ধিতা দেখা দেয়। কিন্তু সে স্কুলের সকল পরীক্ষায় সাধারণদের সাথে অংশ নেয়, প্রতীবন্ধীদের জন্য বরাদ্দকৃত সুযোগ সে নেয় না।
[ভি জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

২৪. **মানুষ হিসেবে তাহমিনা কোন ধরনের?**
● আত্মমর্যাদাসম্পন্ন　　খ নির্বোধ
গ আত্মঅহংকারী　　ঘ নির্মোহ

২৫. **তাহমিনার ক্ষেত্রে বলা যায়–**
i. সে নিজেকে সাধারণদের সমকক্ষ মনে করে
ii. সে আত্মঅহংকারে ভোগে
iii. সে নিজেকে সম্মান করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　● i ও iii　　গ ii ও iii　　ঘ i, ii ও iii

### ➲ পাঠ ২-৪ : কাজের ক্ষেত্রে আত্মমর্যাদা ➟ বোর্ড বই, পৃষ্ঠা ৪

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৬. **কোনটি আত্মমর্যাদার পরিচয় বহন করে?** (অনুধাবন)
● নিজের কাজ নিজে করা
খ চাকরকে দিয়ে কাজ করানো
গ অন্যের অসুবিধার দিকে খেয়াল না করা
ঘ কায়িক শ্রম না করা

২৭. **কীসের মাধ্যমে আমাদের আত্মমর্যাদার প্রকাশ ঘটে?** [হোমনা সরকারি উচ্চ বিদ্যালয়, কুমিল্লা; বল্লু-বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট; সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
ক সচেতনতার মাধ্যমে　　● কাজের মাধ্যমে
গ বিশ্বাসের মাধ্যমে　　ঘ দৃষ্টিভঙ্গির মাধ্যমে

২৮. **বাবা-মা বকা দিলে ফাতেমা বোঝার চেষ্টা করে যে তার কোন আচরণগুলো পরিবর্তন করলে বাবা-মায়ের প্রত্যাশা পূরণ হবে। এ বিষয়টি দ্বারা ফাতেমার কোন বিষয়টি প্রকাশ পায়?** (প্রয়োগ)
ক আত্মবিশ্বাস　　খ সৃজনশীলতা
গ মেধাশ্রম　　● আত্মমর্যাদা

২৯. **মানুষ প্রথম পর্যায়ে উন্নতির শিখরে উঠার সোপান কোনটি?** (অনুধাবন)
ক ভালো কথা বলা　　খ ভালো ব্যবহার
গ ভালো বাচন-ভঙ্গি　　● ভালো কাজ

৩০. **বোকারা নির্ভর করে অন্যের ওপর, বুদ্ধিমানেরা কার ওপর নির্ভর করে?** [হোমনা সরকারি উচ্চ বিদ্যালয়, কুমিল্লা; সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
ক অন্যের ওপর　　খ পরিবারের ওপর
● নিজের ওপর　　ঘ মুরব্বিদের ওপর

৩১. **আমরা লজ্জা পাই কখন?** [সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
ক খেলাধুলা করলে　　খ চাকরি করলে
গ ভালো কাজ করলে　　● অন্যায় করলে

৩২. **সুশান্ত অন্যায় করলে লজ্জিত হয়। তার লজ্জিত হওয়ার কারণ কোনটি?** [সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়]
ক আত্মবিশ্বাস　　● আত্মমর্যাদা
গ সৃজনশীলতা　　ঘ আত্মভাবনা

৩৩. **জগদীশচন্দ্র বসু কোন বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ডিগ্রি নিয়েছিলেন?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী; নওগাঁ সরকারি কে ডি উচ্চ বিদ্যালয়]
ক অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়　　খ ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়

● লন্ডন বিশ্ববিদ্যালয়  ঘ হার্ভার্ড বিশ্ববিদ্যালয়

৩৪. জগদীশচন্দ্র বসু কলকাতার কোন কলেজে অস্থায়ী অধ্যাপকের পদে নিযুক্ত হয়েছিলেন? [সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী; চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]
ক হিন্দু কলেজে  খ আশুতোষ কলেজে
গ বেজ্গুন কলেজে  ● প্রেসিডেন্সি কলেজে

৩৫. ইংরেজ ও ভারতীয়দের মধ্যকার বেতন বৈষম্য জগদীশচন্দ্রের কোন বিষয়টিতে আঘাত হেনেছিল? [সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়]
ক যোগ্যতায়  খ মেধায়
● আত্মসম্মানে  ঘ সৃজনশীলতায়

৩৬. বেতন বৈষম্যের প্রতিবাদে জগদীশচন্দ্র বসু কত বছর বেতন গ্রহণ করা থেকে বিরত ছিলেন? জ্ঞান)
ক ১ বছর  খ ২ বছর
● ৩ বছর  ঘ ৪ বছর

৩৭. মানুষ হিসেবে আমাদের কী থাকা উচিত? (জ্ঞান)
● লজ্জাবোধ  খ হীনম্মন্যতা  গ উদাসীনতা  ঘ বিলাসবহুলতা

৩৮. উচ্চস্বরে কথা বলা উচিত নয় কেন? (অনুধাবন)
ক গলার ক্ষতি হবে  ● অন্যের সমস্যা হবে
গ অন্যে লজ্জা পাবে  ঘ লোকে গালি দেবে

৩৯. ফাতেমার খারাপ আচরণের জন্য বাবা–মা বকা দিলেও সে মন খারাপ করে না কেন? (প্রয়োগ)
ক মার খাওয়ার ভয়ে  ● সংশোধনের জন্য
গ বাবার ভয়ে  ঘ মায়ের ভয়ে

৪০. জগদীশচন্দ্র বসুকে ইংরেজ অধ্যাপকদের বেতনের কত অংশ দিত? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ]
ক $\frac{১}{৩}$ অংশ  খ সম্পূর্ণ অংশ
● $\frac{২}{৩}$ অংশ  ঘ $\frac{১}{৪}$ অংশ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪১. বোকারা নির্ভর করে– (অনুধাবন)
i. বাবার ওপর  ii. ভাইয়ের ওপর
iii. মায়ের ওপর
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪২. আত্মমর্যাদা সম্পর্কে সচেতনতার পরিচয় বহন করে– [ওয়েস্টার্ন স্কুল এন্ড কলেজ, ঢাকা, ইউল্যাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. নিজের কাজ নিজে করা
iii. পরিষ্কার–পরিচ্ছন্ন থাকা
ii. অন্যকে সাহায্য করা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪৩. মজনু মিয়া একজন মাঝি। তার পরিবারের উচিত– (উচ্চতর দক্ষতা)
i. তাকে সম্মান করা
iii. তার সেবা করা
ii. তার বিশ্রামের উপযোগী পরিবেশ তৈরি করা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪৪. কোনো কাজ সঠিকভাবে করতে হলে করণীয় হলো– (অনুধাবন)
i. কাজটি করার নিয়ম জেনে নেওয়া
iii. কাজটি করতে বার বার চেষ্টা করা
ii. অন্যকে দিয়ে কাজটি করানো
নিচের কোনটি সঠিক ?
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৪৫. আত্মমর্যাদাবোধের পরিচয় বহনকারী কাজগুলো হলো– [সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়]
i. অন্যায় কাজ করতে লজ্জাবোধ করা
iii. মানুষ হিসেবে সকল মানুষের কাছে গ্রহণযোগ্য আচরণ করা
ii. ভালো ও নতুন কিছু চিন্তা করা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪৬. যারা কায়িক শ্রম করেন তাদের ক্ষেত্রে বলা যায়– (অনুধাবন)
i. আমাদের জীবনকে সহজ করে তোলেন
iii. আমাদের উচিত তাদের সম্মান করা
ii. আমাদের টাকা আছে বিধায় তারা কাজ করে দেন
নিচের কোনটি সঠিক ?
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৭ ও ৪৮ নং প্রশ্নের উত্তর দাও :**
হিমু নিজের কাজ নিজে করতে পছন্দ করে। কারণ হিসেবে সে বলে বুদ্ধিমানেরা নিজের ওপর নির্ভর করে। আর বোকারা নির্ভর করে অন্যের ওপর। সে বাবা–মায়ের প্রত্যাশাগুলোর প্রতি শ্রদ্ধা পোষণ করে এবং তাদের মতামতকে মূল্যায়ন করে।

৪৭. হিমুর এহেন মতাদর্শ কাসের পরিচায়ক? (প্রয়োগ)
ক গৌরববোধের  খ সচেতনতার
● আত্মমর্যাদার  ঘ সৃজনশীলতার

৪৮. হিমুর উক্ত মতাদর্শ বিশ্লেষণের দ্বারা বলা যায়– (উচ্চতর দক্ষতা)
i. অন্যায় আচরণে তার লজ্জাবোধ রয়েছে
ii. চারপাশের মানুষের অসুবিধার কথা বিবেচনা করে
iii. সব নিয়মকানুনের প্রতি শ্রদ্ধাশীল থাকে
নিচের কোনটি সঠিক?
ক i  খ i ও ii  গ i ও iii  ● i, ii ও iii

## ➲ পাঠ ৫ : আত্মবিশ্বাস ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৯. সাঁতার কাটার সময় লাইফ জ্যাকেট পরলে কাসের ভয় থেকে মুক্ত থাকা যায়? (জ্ঞান)
● ডুবে যাওয়ার  খ পানি খাওয়ার
গ পড়ে যাওয়ার  ঘ আগুনে পোড়ার

৫০. রাকিব স্কুলের সকল ছাত্রছাত্রী ও শিক্ষকের সামনে সাবলীলভাবে বক্তৃতা দিল। রাকিবের মধ্যে কোন গুণটি অবশ্যই রয়েছে? (প্রয়োগ)
ক সৃজনশীলতা  খ সত্যবাদিতা
● আত্মবিশ্বাস  ঘ আত্মঅহংকার

৫১. তানিয়া সাঁতার শিখতে চায় না। সে ভাবে সাঁতার শিখতে গেলে সে ডুবে মরে যাবে। তানিয়ার মধ্যে কোন গুণের অভাব রয়েছে? [ভি জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা]
ক আত্মমর্যাদা  খ সৃজনশীলতা
গ মেধা  ● আত্মবিশ্বাস

৫২. নিজের জ্ঞান, কর্মক্ষমতা ও কর্মদক্ষতা সম্পর্কে বিশ্বাস ও আস্থাকে এক কথায় কী বলে? [ফাতেমা হাই স্কুল, খুলনা]
● আত্মবিশ্বাস  খ আত্মমর্যাদা
গ আত্মঅহংকার  ঘ আত্মতৃপ্তি

৫৩. হাবু মনে করে গায়ে বল থাকলেই উড়া যায়– হাবুর নিজের প্রতি এ বিশ্বাসকে কী নামে আখ্যায়িত করা যায়? [বলু–বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট]

ক আত্মবিশ্বাস ● ভুল বিশ্বাস
গ আস্থা ঘ প্রকৃত বিশ্বাস

৫৪. আত্মবিশ্বাস অর্থ কী? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
● নিজের উপর বিশ্বাস খ অন্যের উপর বিশ্বাস
গ অভিভাবকের উপর বিশ্বাস ঘ আত্মীয়দের উপর বিশ্বাস

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৫. আত্মবিশ্বাসের শর্ত হলো– [সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়]
i. নিজের প্রকৃত ক্ষমতা সম্পর্কে জানা
ii. নিজেকে জাহির করার ইচ্ছা
iii. নিজের প্রকৃত ক্ষমতা বোঝা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫৬. আত্মবিশ্বাসীদের সম্পর্কে বলা যায়– (অনুধাবন)
i. তারা অন্যের দুর্বলতা সম্পর্কে জানে
ii. নিজেদের কর্মক্ষমতা সম্পর্কে জানে
iii. নিজেদের কর্মক্ষমতার ওপর আস্থা রাখে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৭ ও ৫৮ নং প্রশ্নের উত্তর দাও :**
শিক্ষক ক্লাসে পড়ানো শেষে মিতুকে সামনে এসে আজকের পড়াটি সংক্ষেপে বলতে বললেন। মিতু ভয় না পেয়ে সুন্দরভাবে পড়াটি উপস্থাপন করল।

৫৭. মিতুর মধ্যে কোন দিকটি ফুটে উঠেছে? (প্রয়োগ)
ক আত্মমর্যাদা খ সৃজনশীলতা
● আত্মবিশ্বাস ঘ আত্মকেন্দ্রিকতা

৫৮. মিতুর এরূপ আত্মবিশ্বাসের কারণ– (উচ্চতর দক্ষতা)
i. নিজের প্রতি আস্থা
ii. নিজের কর্মদক্ষতা
iii. নিজের প্রকৃত ক্ষমতা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ i ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ ৬-৮ : আত্মবিশ্বাসী মানুষের গল্প জেনে এসো আত্মবিশ্বাসী হই ➡
বোর্ড বই, পৃষ্ঠা ৯

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৯. জীবনে সফল হওয়ার মূলমন্ত্র কী? [খুলনা জিলা স্কুল]
ক শিক্ষা খ অনুকরণ
● আত্মবিশ্বাস ঘ জ্ঞান

৬০. স্বাধীনতার পূর্বে কোন দেশ আমাদেরকে শোষণ করেছে? (জ্ঞান)
ক ভারত ● পাকিস্তান
গ ভুটান ঘ নেপাল

৬১. যারা বলীয়ান তারা সহজে হাল ছাড়ে না–লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত তাদের কী চলতেই থাকে? (জ্ঞান)
● সংগ্রাম খ কান্না
গ অনুসন্ধান ঘ গবেষণা

৬২. আত্মবিশ্বাসী মানুষ কেমন হয়? (অনুধাবন)
ক ভীরু ● সাহসী
গ কাপুরুষ ঘ বিবেকহীন

৬৩. আত্মবিশ্বাসের অভাবে মানুষ কেমন হয়? (অনুধাবন)
● ভীরু খ শক্তিশালী
গ সাহসী ঘ সুপুরুষ

৬৪. মুক্তিযুদ্ধের সময় আমাদের অস্ত্র ছিল না, সামরিক প্রশিক্ষণ ছিল না। তারপরও বাংলা মায়ের দামাল ছেলেরা কোন শক্তির বলে বিজয় ছিনিয়ে এনেছিল? [বন্ধু-বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট]
ক আত্মমর্যাদা খ আত্মঅহংকার
● আত্মবিশ্বাস ঘ সমর কৌশল

৬৫. মুসা ইব্রাহিম কোন দেশের নাগরিক? (জ্ঞান)
● বাংলাদেশের খ ভারতের
গ পাকিস্তানের ঘ মায়ানমারের

৬৬. প্রথম বাংলাদেশি হিসেবে এভারেস্ট জয় করেছিলেন কে? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
ক এম. এ মুহিত খ নিশাত মজুমদার
● মুসা ইব্রাহিম ঘ আসফিয়া

৬৭. এভারেস্টে আরোহণকালে মুসা ইব্রাহিম কোন সমস্যায় পড়েন? (অনুধাবন)
● অক্সিজেনের স্বল্পতা খ খাবারের স্বল্পতা
গ পানির স্বল্পতা ঘ রক্তের স্বল্পতা

৬৮. কোনটি থাকলে জীবনে সফল হওয়া যায়? (জ্ঞান)
ক সাজ-পোশাক খ অনুরাগ
● আত্মবিশ্বাস ঘ অর্থ

৬৯. তোমাদের স্কুলে যাওয়ার পথে কেউ বিরক্ত করলে তোমরা কী করবে? (উচ্চতর দক্ষতা)
● প্রতিবাদ করবে খ মারবে
গ নীরব থাকবে ঘ স্কুলে যাবে না

৭০. ফেরদৌসিকে বখাটে ছেলেরা বিরক্ত করলে সে প্রতিবাদ করে। তার প্রতিবাদের মাধ্যমে কোন গুণটি প্রকাশ পেয়েছে? (উচ্চতর দক্ষতা)
● সাহসিকতা খ উদাসীনতা
গ সহনশীলতা ঘ সচেতনতা

৭১. কত তারিখে পাকিস্তানি বাহিনী রাতের আঁধারে আমাদের ওপর ঝাঁপিয়ে পড়েছিল? [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল]
ক ২৩ এ মার্চ ● ২৫ এ মার্চ
গ ২৬ এ মার্চ ঘ ২৭ এ মার্চ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭২. আত্মবিশ্বাসী মানুষরা– [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ]
i. সহজে হাল ছাড়ে না
ii. সহজেই জয়ী হয়
iii. পরাজয় স্বীকার করে নেয়
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭৩. যারা আত্মবিশ্বাসহীন তারা– (অনুধাবন)
i. জীবনে সফল হয় না
ii. অল্পতে হাল ছেড়ে দেয়
iii. খুব প্রচেষ্টা চালায়
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭৪. মুসা ইব্রাহিম পর্বতারোহণের সময় বাধার মুখে পড়েন– (অনুধাবন)
i. কুয়াশার গভীরতার কারণে
ii. অক্সিজেন স্বল্পতার কারণে
iii. শারীরিক সমস্যার কারণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

৭৫. যদি কেউ আত্মবিশ্বাসী না হয় তবে সে– (অনুধাবন)
i. প্রতিবন্ধকতা জয় করতে ব্যর্থ হবে

ii. লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত সংগ্রাম চালিয়ে যাবে
iii. নিজের দুর্বলতাকে ব্যর্থতা হিসেবে মেনে নেবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**৭৬. পাকিস্তানি সেনারা মুক্তিযুদ্ধের সময় আমাদের ওপর –** (অনুধাবন)

i. আক্রমণ চালায় ii. অত্যাচার করে
iii. নির্যাতন চালায়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৭ ও ৭৮ নং প্রশ্নের উত্তর দাও :**

বাংলাদেশের এভারেস্ট বিজয়ী এম এ মুহিত। ছাত্রজীবন থেকেই পর্বতারোহণের ইচ্ছা ছিল। তিনি পর্বতারোহণের জন্য কঠোর অনুশীলন করেন। এভারেস্ট ওঠার চেষ্টা করে বেশ কয়েক বার মৃত্যুর মুখে পড়তে পড়তে বেঁচে গেছেন। তবু তিনি দমেননি। অবশেষে তিনি এভারেস্ট চূড়ায় ওঠেন।

[ইউল্যাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]

**৭৭. মুহিতের বিজয়ের মূল কারণ কী?**

● আত্মবিশ্বাস ⓛ সাহস
ⓖ মেধাশক্তি ⓓ কায়িক শ্রম

**৭৮. উক্ত চরিত্রটির সাফল্য থেকে আমরা শিখতে পারি–**

i. আত্মবিশ্বাস
ii. একাগ্রতা
iii. অনুশীলন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৯ ও ৮০ নং প্রশ্নের উত্তর দাও :**

স্কুলপড়ুয়া তমা প্রতিদিনই স্কুলে যাতায়াতের পথে কিছু বখাটে দ্বারা উত্যক্ত হয়। দিনের পর দিন এভাবে চলতে থাকলে তমা তার অভিভাবকদের নিয়ে এর প্রতিবাদ করে। ফলে বখাটেরা তার মুখে এসিড ছুড়ে দেয়। এসিডে আক্রান্ত হয়ে অন্ধ হলেও সে তার পড়ালেখা থামিয়ে রাখেনি।

**৭৯. তমা চরিত্রটি তোমার পাঠ্যপুস্তকে পঠিত কোন চরিত্রটির প্রতিনিধিত্ব করছে?** (প্রয়োগ)

● ফেরদৌসি ⓛ নাফিসা
ⓖ সেজুতি ⓓ রবমকি

**৮০. তমার চরিত্র দর্শনের দ্বারা এটা সহজেই বলা যায়–** (উচ্চতর দক্ষতা)

i. সে সাহসী ও আত্মমর্যাদাবান
ii. সে আত্মবিশ্বাসী ও ধৈর্যশীল
iii. সে অসহনশীল ও প্রতিবাদী

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**➲ পাঠ ৯ : সৃজনশীলতার ধারণা ➠ বোর্ড বই, পৃষ্ঠা ১১**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮১. নতুন কিছু সৃষ্টি করাকে কী বলা হয়?** (জ্ঞান)

ⓚ আবেগ ⓛ মৌলিকতা
ⓖ নতুনত্ব ● সৃজনশীলতা

**৮২. কবির ছবি আঁকে, আলপনা আঁকে। তার এ কাজের মাধ্যমে কী প্রকাশ পায়?** (প্রয়োগ)

ⓚ সচেতনতা ⓛ উদারতা
● সৃজনশীলতা ⓓ নির্ভরশীলতা

**৮৩. সৃজনশীলতা কথাটির অর্থ কী?** [রংপুর জিলা স্কুল]

ⓚ পুরাতনকে গ্রহণ করা ● নতুন কিছু সৃষ্টি করা
ⓖ সবকিছু নষ্ট করে ফেলা ⓓ ভাঙা অংশটি জোড়া লাগানো

**৮৪. সৃজনশীলতা আমরা কাসের মাধ্যমে প্রকাশ করি?** (জ্ঞান)

ⓚ খেলাধুলার মাধ্যমে ● কাজের মাধ্যমে
ⓖ গল্পের মাধ্যমে ⓓ ছবির মাধ্যমে

**৮৫. গল্প, কবিতা, নাটক, উপন্যাস লেখা কোন ধরনের কাজ?** [রংপুর জিলা স্কুল]

ⓚ কায়িক শ্রম ⓛ মেধা বৃত্তিক
● সৃজনশীল ⓓ বুদ্ধি বৃত্তিক

**৮৬. পড়ার টেবিলে বইখাতা গুছিয়ে রাখা কী ধরনের কাজ?** (অনুধাবন)

ⓚ সৌখিন ● সৃজনশীল
ⓖ পছন্দনীয় ⓓ বিরক্তিকর

**৮৭. মানুষের কীসের উপর ভিত্তি করে ব্যক্তিত্বের পরিচয় ফুটে উঠে?** (অনুধাবন)

ⓚ শিৰার উপর ⓛ অর্থের উপর
● সৃজনশীলতার উপর ⓓ মনের উপর

**৮৮. আমাদের ভিতরের লুকানো সৃজনশীলতা আমরা কীভাবে প্রকাশ করি?** [সাতৰীরা সরকারি উচ্চ বিদ্যালয়]

ⓚ ভাষার মাধ্যমে ⓛ কলমের মাধ্যমে
● নানারকম কাজের মাধ্যমে ⓓ অঙ্গভঙ্গির মাধ্যমে

**৮৯. পরানো গ্লাস আর রঙিন কাগজ দিয়ে সাদিয়া একটি সুন্দর কলমদানি বানিয়েছে। সাদিয়ার মধ্যে কোন গুণটি রয়েছে?** [বন্ন–বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট; সাতৰীরা সরকারি উচ্চ বিদ্যালয়]

ⓚ আত্মসংযম ● সৃজনশীলতা
ⓖ আত্মবিশ্বাস ⓓ ধৈর্য

**৯০. আমরা সচেতন এবং অবচেতন অবস্থায় আমাদের চারপাশের নানা বস্তু, বিষয় ও ঘটনা নিয়ে ভাবি। এ ভাবনার মধ্য দিয়ে আমরা কোনটি পাই?** [সাতৰীরা সরকারি উচ্চ বিদ্যালয়]

ⓚ শান্তি ⓛ সমাজ চিন্তা
ⓖ আত্মচিন্তা ● নতুন বুদ্ধি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯১. সৃজনশীলতার উদাহরণ হলো–** [ভি জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]

i. ছবি আঁকা
ii. স্কুলের পড়া তৈরি করা
iii. মেঝেতে আল্পনা আঁকা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৯২. কোনো ব্যক্তি তার সৃজনশীলতা প্রয়োগ করতে পারে–** (অনুধাবন)

i. লেখায় ও কথার বুননে
iii. গানের সুরে
ii. বৈজ্ঞানিক আবিষ্কারে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৯৩. সৃজনশীলতার জন্য প্রয়োজন–** (অনুধাবন)

i. প্রচেষ্টা
iii. ভাবনা
ii. ধৈর্য

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৯৪. সৃজনশীল হতে চাইলে আমাদেরকে–** (অনুধাবন)

i. নানা বিষয় নিয়ে ভাবতে হবে
ii. পুরাতনকে গ্রহণ করতে হবে
iii. নতুন কিছু চিন্তা করতে হবে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৫ ও ৯৬ নং প্রশ্নের উত্তর দাও :**
রীতা তার বান্ধবী শেলীদের বাড়িতে বেড়াতে গিয়ে দেখল ওদের বসার ঘরে সোফার সাইড টেবিলে রাখা আছে বাঁশের তৈরি ফুলদানি। শুকনো ফুল, পাকড় গাছের পাতা, শুকনো নারকেলের মালা দিয়ে মুখোশ বানিয়ে দেওয়ালে ঝুলিয়ে রাখা আছে। শেলী রীতাকে বলে এগুলো সে বানিয়েছে।

**৯৫. শেলীকে কী নামে আখ্যায়িত করা যাবে?** (প্রয়োগ)
ক আত্মবিশ্বাসী ● সৃজনশীল মেয়ে
গ পরিশ্রমী মেয়ে ঘ অহংকারী মেয়ে

**৯৬. শেলীল মতো হতে হলে–** (উচ্চতর দক্ষতা)
i. আমাদেরকে নানা বিষয় নিয়ে ভাবতে হবে
ii. মন থেকে সুন্দর কিছু করতে চাইতে হবে
iii. নিজেকে জাহির করার মানসিকতা থাকতে হবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ ১০ : কাজের ক্ষেত্রে সৃজনশীলতা ➠ বোর্ড বই, পৃষ্ঠা ১৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯৭. বাতিল কলম দ্বারা কী তৈরি করা যায়?** (অনুধাবন)
● পেপার ওয়েট খ কলমদানি
গ ফুলদানি ঘ ওয়ালমেট

**৯৮. উর্মি তার বন্ধুদের সাথে নিয়ে একটি দেওয়াল পত্রিকার জমিন তৈরি করল। তাদের কাজের মধ্যে কী প্রকাশ পায়?** (প্রয়োগ)
ক সচেতনতা খ উদাসীনতা
গ শ্রদ্ধাশীলতা ● সৃজনশীলতা

**৯৯. তিতলি ব্যবহৃত জিনিস ফেলে না দিয়ে সেটি দিয়ে নতুন কিছু তৈরি করে। এতে জিনিসপত্রের কী হয়?** (প্রয়োগ)
● অপচয় রোধ হয় খ অর্থ খরচ হয়
গ অপচয় বেশি হয় ঘ পরিশ্রম বেশি হয়

**১০০. তুতুল সৃজনশীল কাজ করতে পটু। তার কাজ সবার কাছে কেমন হবে?** (প্রয়োগ)
ক ঘৃণিত খ নিন্দিত
● প্রশংসিত ঘ উপেক্ষিত

**১০১. রাসেল কোমল পানীয়ের ফেলে দেওয়া ক্যান রেখে দেয়। সে ক্যান আর নানা রকম রঙিন কাগজ দিয়ে কী তৈরি করতে পারে?** (প্রয়োগ)
ক পাউডার, টুথপেস্ট খ সাবান, শ্যাম্পু
● ফুলদানি, কলমদানি ঘ রুমাল, টুপি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০২. দড়ি ও কাপড় দিয়ে তৈরি করা যায়–** (অনুধাবন)
i. পুতুল ii. দোলনা
iii. খেলনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১০৩. হাসনাত সৃজনশীল প্রতিভার অধিকারী হতে আগ্রহী। এজন্য তাকে–** (প্রয়োগ)
i. নানা বিষয়ে ভাবতে হবে
ii. মনের ভিতর থেকে নতুন কিছু করার চেষ্টা করতে হবে
iii. সাহিত্যিকদের লেখা গল্পের বইগুলো পড়তে হবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১০৪. আমাদের সবার ভিতরেই সৃজনশীলতা থাকে যা–** (অনুধাবন)
i. একেকজনের ভিতর থাকে একেক রূপে
ii. আমরা নানারকম কাজের মাধ্যমে প্রকাশ করি
iii. সব সময় আমরা লুকিয়ে রাখি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১০৫. সৃজনশীলতার পরিচয় পাওয়া যায়–** (অনুধাবন)
i. ঘর ও প্রয়োজনীয় জিনিসপত্র গোছানোর মধ্যে
ii. লেখার কাগজের চারপাশে মার্জিন টানলে
iii. বই খাতায় বিষয়ের নাম লিখলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১০৬. মিমিয়ার মাঝে অনেক সৃজনশীল গুণ রয়েছে। এ ধরনের সৃজনশীলতার উদাহরণ হলো–** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
i. ছবি আঁকা ii. গান করা
iii. আল্পনা আঁকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১০৭. রাইয়ান অনেক কিছু বানাতে পারে। এর মধ্যে তার সৃজনশীল কাজগুলো হলো–** (প্রয়োগ)
i. কোমল পানীয়ের ক্যান দিয়ে কলমদানি তৈরি
ii. প্লাস্টিকের বোতল দিয়ে তেল ঢালার ফানেল তৈরি
iii. পুরানো কলম দিয়ে ছবির ফ্রেম তৈরি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৮ ও ১০৯ নং প্রশ্নের উত্তর দাও :**
নিমু নতুন নতুন ডিজাইন দিয়ে হাতে মেহেদি দিতে পারে। পাড়া–প্রতিবেশী কিংবা আত্মীয়দের বিয়ের অনুষ্ঠানে সে সবাইকে হাতে মেহেদি দিয়ে দেয়। তার এঁকে দেওয়া মেহেদির ডিজাইন সবাই খুব পছন্দ করে।

**১০৮. অনুচ্ছেদে উল্লিখিত নিমুর কাজটি কীসের পরিচয় বহন করে?** (প্রয়োগ)
● সৃজনশীলতার খ দায়িত্বশীলতার
গ আত্মবিশ্বাসের ঘ আত্মনির্ভরশীলতার

**১০৯. উক্ত কাজটি করার জন্য প্রয়োজন–** (উচ্চতর দক্ষতা)
i. নতুন নতুন ভাবনা
ii. দীর্ঘদিন প্রশিক্ষণ নেওয়া
iii. সুন্দর কিছু করতে চাওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ ১১ : কয়েকজন সৃজনশীল মানুষের গল্প ➠ বোর্ড বই, পৃষ্ঠা ১৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১০. নোবেল বিজয়ী কে?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
● রবীন্দ্রনাথ ঠাকুর খ জয়নুল আবেদিন
গ মাইকেল মধুসূদন দত্ত ঘ আহসান হাবিব

**১১১. কার রং তুলিতে সৃজনশীলতা বাস্তব হয়ে উঠেছিল?** [সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়]
ক সৈয়দ সামসুল হক খ সুফিয়া কামাল
● শিল্পাচার্য জয়নুল আবেদিন ঘ টমাস আলভা এডিসন

**১১২. এডিসনের স্কুলে বকা খাওয়ার কারণ কী?** [খুলনা জিলা স্কুল]
ক বাড়ির কাজ না করা ● পড়া না পারা
গ স্কুল পালানো ঘ খেলা করা

১১৩. সবার বিচারে কে শতাব্দীর অন্যতম সৃজনশীল মানুষ? [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর; খুলনা জিলা স্কুল]
ক মার্টিন ক্রো খ নীল আর্মস্ট্রং
গ এডমন্ড হিলারি ● টমাস আলভা এডিসন

১১৪. হাজারের বেশি আবিষ্কারের রেকর্ড রয়েছে কোন বিজ্ঞানীর? (জ্ঞান)
ক আলবার্ট আইনস্টাইন খ মেরী কুরি
● টমাস আলভা এডিসন ঘ জেমস ওয়াটসন

১১৫. বিদ্যুৎ আবিষ্কার করেন কে? (জ্ঞান)
ক রন্টজেন খ আইনস্টাইন
গ ওপোন হেইমার ● টমাস আলভা এডিসন

১১৬. টমাস আলভা এডিসন কী আবিষ্কার করেন? (জ্ঞান)
ক এমপিথ্রি প্লেয়ার খ প্লেয়ার ক্যাসেট
● গ্রামোফোন ঘ মোবাইল ফোন

১১৭. একাধারে ভাস্কর, স্থপতি, সংগীতজ্ঞ, সমরযন্ত্রশিল্পী এবং বিংশ শতাব্দীর বহু বৈজ্ঞানিক আবিষ্কারের স্রষ্টা কে? (জ্ঞান)
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ অমর্ত্য সেন
● লিওনার্দো দা ভিঞ্চি ঘ টমাস আলভা এডিসন

১১৮. কালজয়ী চিত্রশিল্পী লিওনার্দো দা ভিঞ্চি কত সালে জন্মগ্রহণ করেছিলেন? [হরিমোহন সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ]
● ১৪৫২ খ ১৫৫২ গ ১৬৫২ ঘ ১৭৫২

১১৯. লিওনার্দো দা ভিঞ্চি কোন দেশের চিত্রশিল্পী ছিলেন? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ; সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়; নওগাঁ জিলা স্কুল]
ক জার্মান খ ইংল্যান্ড ● ইতালি ঘ নেদারল্যান্ড

১২০. লিওনার্দো দা ভিঞ্চির পুরো নাম কী ছিল? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ]
● লিওনার্দো দি সের পিয়েরো দা ভিঞ্চি
খ লিওনার্দো সিলভিও দা ভিঞ্চি
গ লিওনার্দো ফ্রান্সেসকো দা ভিঞ্চি
ঘ লিওনার্দো প্যাট্রো দা ভিঞ্চি

১২১. মোনালিসা চিত্র কর্মটি কার? (জ্ঞান)
● লিওনার্দো দা ভিঞ্চির খ জয়নুল আবেদিনের
গ রবীন্দ্রনাথ ঠাকুরের ঘ কামরুল হাসানের

১২২. ম্যাডোনা ভাস্কর্যটির আবিষ্কারক কে? (জ্ঞান)
ক জয়নুল আবেদিন খ হামিদুর রহমান
গ মৃণাল হক ● লিওনার্দো দা ভিঞ্চি

১২৩. আকাশ কেন নীল–এ ব্যাখ্যা কে দিয়েছিলেন? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক আলবার্ট আইনস্টাইন খ স্টিফেন হকিংস
গ টমাস আলভা এডিসন ● লিওনার্দো দা ভিঞ্চি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১২৪. প্রত্যেক মানুষই কমবেশি– (অনুধাবন)
i. মেধাবী ii. প্রতিভাবান
iii. সৃজনশীল
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১২৫. লিওনার্দো দা ভিঞ্চি ছিলেন– (অনুধাবন)
i. স্থপতি
ii. বৈজ্ঞানিক আবিষ্কারের স্রষ্টা
iii. শিল্পী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১২৬. লিওনার্দো দা ভিঞ্চির অন্যতম শিল্পকর্মগুলো হলো– (অনুধাবন)
i. মোনালিসা ii. ম্যাডোনা
iii. দ্য লাস্ট সাপার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১২৭. রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা, গল্প, উপন্যাসে ফুটে ওঠে– (উচ্চতর দক্ষতা)
i. মানুষের মন
ii. মানুষের জীবন
iii. প্রকৃতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১২৮. রবীন্দ্রনাথ ঠাকুরের সৃজনশীলতার প্রকাশ ঘটে– (উচ্চতর দক্ষতা)
i. তার লেখায়
ii. কথার বুননে
iii. শব্দ চয়নে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৯ ও ১৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
১৮৭৯ সালের ১৪ ই মার্চ জন্মগ্রহণ করেছিলেন বিজ্ঞানী আইনস্টাইন। ১৯১৯ সালে টাইম সাময়িকী তাকে 'শতাব্দীর সেরা ব্যক্তি' হিসেবে ঘোষণা করে। এছাড়া তিনি পদার্থবিজ্ঞানীদের ভোটে সর্বকালের সেরা পদার্থবিজ্ঞানীর স্বীকৃতি পেয়েছেন।[বল্লু-বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট]

১২৯. অনুচ্ছেদে উল্লিখিত ব্যক্তিটিকে কী নামে আখ্যায়িত করা যাবে?
ক আত্মকেন্দ্রিক মানুষ ● সৃজনশীল মানুষ
গ আত্মভোলা মানুষ ঘ রসায়নবিদ

১৩০. উল্লিখিত ব্যক্তির ক্ষেত্রে বলা যায়–
i. নতুন কিছু সৃষ্টি করেন
ii. চারপাশের নানা বিষয় নিয়ে ভাবতেন
iii. সকলের কাছে প্রশংসনীয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ ১২ : কায়িক শ্রমের পরিচয় ➠ বোর্ড বই, পৃষ্ঠা ১৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩১. শারীরিক পরিশ্রমকে কী নামে আখ্যায়িত করা হয়? [নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ; ভি জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা]
ক মেধাশ্রম ● কায়িক শ্রম
গ সৃজনশীল শ্রম ঘ আত্মকর্মসংস্থান

১৩২. কে কায়িক শ্রম দিয়ে জীবিকা নির্বাহ করেন? [সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়]
ক আইনজীবী খ ইঞ্জিনিয়ার
● কৃষক ঘ চিত্রশিল্পী

১৩৩. কৃষক কোন ধরনের শ্রমের মাধ্যমে ফসল ফলান? [সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
ক মেধাশ্রম খ সৃজনশীল শ্রম
গ হাড়ভাঙা শ্রম ● কায়িক শ্রম

১৩৪. কাজে সফলতার জন্য মেধাশ্রমের পাশাপাশি কোন শ্রমের প্রয়োজন? (অনুধাবন)
ক মানসিক শ্রম খ চিন্তাশ্রম
● কায়িক শ্রম ঘ সামষ্টিক শ্রম

১৩৫. দর্জির কাপড় সেলাই কোন ধরনের শ্রম? (অনুধাবন)
ক মেধাশ্রম ● কায়িক শ্রম
গ চিন্তাশ্রম ঘ সামষ্টিক শ্রম

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩৬. কায়িক শ্রমের উপকারিতা হলো– (অনুধাবন)
i. সৃজনশীলতা বৃদ্ধি করে
ii. শরীরের রোগ প্রতিরোধ ৰমতা বৃদ্ধি করে
iii. শারীরিক সমস্যা দূর করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓜ i, ii ও iii

## ➲ পাঠ ১৩-২৫ : কায়িক শ্রম ও এর অনুশীলন
➨ বোর্ড বই, পৃষ্ঠা ১৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩৭. কায়িক পরিশ্রম কোনটি? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ]
ⓚ কম্পিউটার চালনা ⓛ বই পড়া
ⓜ ধাঁধার উত্তর বের করা ● সাইকেল চালানো

১৩৮. খেলাধুলা করা কোন ধরনের পরিশ্রম? (জ্ঞান)
● শারীরিক ⓛ মানসিক
ⓜ মেধাবৃত্তিক ⓝ সৃজনশীল

১৩৯. পৃথিবীতে যে যত বিখ্যাত হয়েছেন, তাঁরা সবাই কী করেছেন? (অনুধাবন)
ⓚ কায়িক শ্রমকে ঘৃণা করেছেন
● কায়িক শ্রমকে মূল্যায়ন করেছেন
ⓜ মানসিক শ্রমকে ঘৃণা করেছেন
ⓝ মানসিক শ্রমকে অবমূল্যায়ন করেছেন

১৪০. সাফল্য অর্জনের জন্য প্রয়োজন কোনটি? (জ্ঞান)
● কঠোর পরিশ্রম ও অধ্যবসায় ⓛ হালকা পরিশ্রম
ⓜ খোলামেলা আলোচনা ⓝ ঘুরে বেড়ানো

১৪১. সাফল্য অর্জনের পথে নিচের কোনটি বাধা স্বরূপ? (জ্ঞান)
ⓚ পরিশ্রম ⓛ অধ্যবসায়
ⓜ বুদ্ধিমত্তা ● অলসতা

১৪২. মেধা ও শ্রমের সমন্বয় ঘটাতে হবে কোন উদ্দেশ্যে? (অনুধাবন)
● সৎ কর্মের উদ্দেশ্যে ⓛ চুরি করার উদ্দেশ্যে
ⓜ সম্পদ অপহরণের উদ্দেশ্যে ⓝ অবৈধ স্বার্থের উদ্দেশ্যে

১৪৩. অনিক পড়াশোনায় অমনোযোগী। শিক্ষকের প্রত্যাশা পূরণের জন্য তার কোন কাজটি করা উচিত? (প্রয়োগ)
ⓚ আস্তে কথা বলা ● নিয়মিত বাড়ির কাজ করা
ⓜ বন্ধুর উপর নির্ভর করা ⓝ বিদ্যালয়ে বাগান করা

১৪৪. কায়িক শ্রম আমাদের শরীরের জন্য উপকারী কেন? [নওগাঁ জিলা স্কুল]
ⓚ রোগ প্রতিরোধ ৰমতা কমায়
● রোগ প্রতিরোধ ৰমতা বাড়ায়
ⓜ শরীরের বল হ্রাস করে
ⓝ শারীরিক সমস্যার সৃষ্টি করে

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৪৫. সাফল্য অর্জনের জন্য প্রয়োজন– (অনুধাবন)
i. কঠোর পরিশ্রম ii. কঠোর অধ্যবসায়
iii. মনোযোগ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

১৪৬. যারা রোদ–ঝড়–বৃষ্টি উপেক্ষা করে শ্রম দেয় তাদের প্রতি আমরা– (প্রয়োগ)
i. শ্রদ্ধা দেখাব ii. সম্মান প্রদর্শন করব
iii. অবজ্ঞা প্রদর্শন করব
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৪৭. সততা আর পরিশ্রমের সমন্বয় ঘটাতে পারলেই— (অনুধাবন)
i. সাফল্য অর্জন করা যায়
ii. বিপুল ধনসম্পদ উপার্জন করা যায়
iii. সবার উপর অধিকার প্রতিষ্ঠা করা যায়
নিচের কোনটি সঠিক?
● i ⓛ i ও ii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪৮ ও ১৪৯ নং প্রশ্নের উত্তর দাও :**
খালিদ তার বাবাকে মাঠে কাজ করতে সাহায্য করে। সে তার বাবাকে ডেইরি ফার্মে কাজ করতেও সাহায্য করে। তাই সে সর্বদা ব্যস্ত থাকে।
[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

১৪৮. খালিদের কাজ করা কোন শ্রমের উদাহরণ?
● কায়িক শ্রম ⓛ মেধা বৃত্তিক শ্রম
ⓜ আত্মবিশ্বাসের শ্রম ⓝ সৃজনশীলতা

১৪৯. এই কাজসমূহ করে খালিদ–
i. উৎফুল্ল থাকবে
ii. শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়বে
iii. রোগসমূহ থেকে মুক্ত থাকবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ● i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

## ➲ পাঠ ২৬ : মেধাশ্রম ➨ বোর্ড বই, পৃষ্ঠা ২০

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫০. লেখকের বই লেখা কোন শ্রমের অন্তর্ভুক্ত? (জ্ঞান)
● মেধাশ্রম ⓛ কায়িক শ্রম ⓜ সম্মিলিত শ্রম ⓝ শিল্পশ্রম

১৫১. মেধাশ্রমের মাধ্যমে জীবিকা নির্বাহ করেন কে? (জ্ঞান)
ⓚ কৃষক ⓛ রিকশাচালক
ⓜ ড্রাইভার ● ডাক্তার

১৫২. আমাদের আরামদায়ক জীবন আমরা কীসের মাধ্যমে পেয়ে থাকি? (অনুধাবন)
ⓚ কায়িক শ্রমের মাধ্যমে ● মেধাশ্রমের মাধ্যমে
ⓜ শারীরিক শ্রমের মাধ্যমে ⓝ সার্বৰণিক শ্রমের মাধ্যমে

১৫৩. ধাঁধার উত্তর দেওয়ার জন্য কোন ধরনের শ্রম দিতে হয়? (অনুধাবন)
ⓚ কায়িক শ্রম ● মেধাশ্রম
ⓜ শারীরিক শ্রম ⓝ সৃজনশীল শ্রম

১৫৪. মেধাশ্রমের অপর নাম কী? (জ্ঞান)
● মানসিক শ্রম ⓚ শারীরিক শ্রম
ⓜ সম্মিলিত শ্রম ⓝ শিল্প শ্রম

১৫৫. কোনটি মেধাশ্রমের উদাহরণ? [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
● চিন্তা করা ⓚ ফসল কাটা
ⓜ মাছ ধরা ⓝ ফার্নিচার বানানো

১৫৬. কোনো কাজকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হলে মেধাশ্রমের পাশাপাশি আর কোনটি প্রয়োজন? (জ্ঞান)
● কায়িক শ্রম ⓚ মানসিক শ্রম
ⓜ সৃজনশীল শ্রম ⓝ মেধা বৃত্তিক শ্রম

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫৭. মেধাশ্রম হলো– [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
i. মানসিক শ্রম ii. কোনো বিষয়ে চিন্তা
iii. কোনো বিষয়ে দুশ্চিন্তা
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৫৮. মেধাশ্রমে ব্যবহৃত হয়– (প্রয়োগ)

i. চিন্তা ii. ভাবনা
iii. জ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫৯ ও ১৬০ নং প্রশ্নের উত্তর দাও :**
মিনু ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। মিনুর শ্রেণিশিক্ষক তাকে বাড়ি থেকে পড়া তৈরি করে আনতে বললেন। মিনু বুঝে, শিখে ও মনের মধ্যে ধারণ করে পড়াটি তৈরি করে। পরদিন শিক্ষক পড়া ধরলে মিনু সুন্দরভাবে পড়াটি উপস্থাপন করে।

**১৫৯. অনুচ্ছেদের মিনুর কাজটি কোন শ্রমের অন্তর্ভুক্ত?** (প্রয়োগ)
● মেধাশ্রম খ কায়িক শ্রম
গ সমন্বিত শ্রম ঘ শিল্পশ্রম

**১৬০. উক্ত শ্রমটির জন্য আমরা যা ব্যবহার করে থাকি তা হলো–** (উচ্চতর দক্ষতা)
i. চিন্তা ii. বিশ্বাস
iii. জ্ঞান–বুদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**➲ পাঠ ২৭-৩১ : মেধাশ্রম ও এর অনুশীলন ➠ বোর্ড বই, পৃষ্ঠা ২২**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৬১. মানুষ ও মেশিনের মধ্যে পার্থক্য হয় কোন ক্ষেত্রে?**
[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
ক কায়িক শ্রমে ● মেধাশ্রমে
গ সুস্পষ্টতায় ঘ দৃশ্যমানতায়

**১৬২. মেধাশ্রমের ক্ষতিকর ব্যবহারের উদাহরণ কোনটি?**
[বরু–বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট]
● মারণাস্ত্র তৈরি ক বিদ্যুৎ আবিষ্কার
গ সাবমেরিন আবিষ্কার ঘ মোবাইল ফোন আবিষ্কার

**১৬৩. মানুষের নতুন বিষয় আবিষ্কারের ফলে জীবন কেমন হয়েছে?** (জ্ঞান)
ক বিষাদময় ● আরামদায়ক
গ যন্ত্রণাদায়ক ঘ দুঃখজনক

**১৬৪. কোন শ্রমের বিনিময়ে উড়োজাহাজ তৈরি হয়?** (জ্ঞান)
ক সম্মিলিত শ্রম ● মেধাশ্রম
গ শিল্পশ্রম ঘ পন্ডশ্রম

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৬৫. মানবসমাজ উন্নত হয়েছে–** (অনুধাবন)
i. মেধাশ্রমের মাধ্যমে
iii. শারীরিক শ্রমের মাধ্যমে
ii. অধ্যবসায়ের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৬৬. মানুষ চিন্তা ও গবেষণার মাধ্যমে আবিষ্কার করেছে–** (অনুধাবন)
i. মোবাইল ii. টেলিভিশন
iii. বিদ্যুৎ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১ ▸▸** কয়েকজন সৃজনশীল মানুষের গল্প

২০১২ সালের ১৯ এ জুলাই প্রয়াত হন জনপ্রিয় কথাসাহিত্যিক হুমায়ুন আহমেদ। তিনি ছিলেন একাধারে ঔপন্যাসিক, ছোট গল্পকার, নাট্যকার, গীতিকার, চলচ্চিত্র নির্মাতা। তিনি ছিলেন বাংলা কল্পবিজ্ঞান সাহিত্যের পথিকৃৎ। তাকে বাংলা কথাসাহিত্যের সংলাপপ্রধান শৈলীর জনকও বলা হয়।

ক. কায়িক শ্রম কাকে বলে? ১
খ. আত্মবিশ্বাসহীন মানুষ অল্পতেই হাল ছেড়ে দেয় কেন? ২
গ. উদ্দীপকে উলিরখিত ব্যক্তি কী ধরনের মানুষ ছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উলিরখিত ব্যক্তির মতো একজন সৃজনশীল ব্যক্তিত্ব সম্পর্কে তোমার ধারণা তুলে ধর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** শারীরিক পরিশ্রমের মাধ্যমে যে কাজ করা হয় তাকে কায়িক শ্রম বলে।

**খ** আত্মবিশ্বাস হলো জীবনে সফল হওয়ার মূলমন্ত্র। আত্মবিশ্বাসী না হলে জীবনে সফল হওয়া যায় না।
জীবনে চলার পথে অনেক প্রতিবন্ধকতা আসে। কিন্তু যারা আত্মবিশ্বাসে বলীয়ান, তারা সহজে হাল ছাড়ে না। কাঙ্ক্ষিত লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত প্রচেষ্টা চালিয়ে যেতে থাকে। কিন্তু যাদের আত্মবিশ্বাস নেই অর্থাৎ আত্মবিশ্বাসহীন মানুষেরা অল্পতেই হাল ছেড়ে দেয়, মেনে নেয় পরাজয়।

**গ** উদ্দীপকে উলিরখিত ব্যক্তি হুমায়ুন আহমেদ ছিলেন একজন সৃজনশীল মানুষ।
যে সকল মানুষ নতুন কিছু সৃষ্টি করে বা কোনো কাজ নতুনরূপে নতুনভাবে করে তারা হলো সৃজনশীল মানুষ। হুমায়ুন আহমেদের কাজগুলো যেমন উপন্যাস লেখা, ছোট গল্প লেখা, কল্পবিজ্ঞান, সাহিত্য লেখা প্রভৃতি হচ্ছে সৃষ্টিশীল কাজ। তাছাড়া তিনি ছিলেন বাংলা সাহিত্যের সংলাপপ্রধান শৈলীর জনক। অর্থাৎ সংলাপপ্রধান শৈলী ছিল বাংলা সাহিত্যে তার সৃষ্টি। বাংলাদেশের নাট্যনির্মাতা ও চলচ্চিত্র নির্মাতা হিসেবে তিনি তার সৃজনশীলতার শ্রেষ্ঠত্ব প্রদর্শন করেছিলেন। তাই এক কথায় বলা যায়, হুমায়ুন আহমেদ ছিলেন সৃজনশীল মানুষ।

**ঘ** উদ্দীপকে সৃজনশীল ব্যক্তি হুমায়ুন আহমেদের কথা বলা হয়েছে। তার মতো এমন একজন ব্যক্তি হলো লিওনার্দো দা ভিঞ্চি। লিওনার্দো দা ভিঞ্চি ছিলেন একজন কালজয়ী চিত্রশিল্পী, ভাস্কর, স্থপতি, সংগীতজ্ঞ, সময়যন্ত্রশিল্পী এবং বহু বৈজ্ঞানিক আবিষ্কারের স্রষ্টা। তিনি ছিলেন মোনালিসা, দ্য লাস্ট সাপার, ম্যাডোনার মতো শিল্পকর্মের জনক। আকাশে পাখির উড়া দেখে তিনি হেলিকপ্টারের নকশা তৈরি করেছিলেন। কন্টাক্ট লেন্স এবং স্টিম ইঞ্জিন নিয়ে তিনি লিখেছিলেন। তিনি এইসব করতে পেরেছিলেন তার চমৎকার সৃজনশীলতার গুণে। তার জীবন হলো সৃজনশীলতার এক মনোজ্ঞ উদাহরণ। তিনি সব সময় নানা বিষয় নিয়ে ভাবতেন, মনের ভিতর থেকে সুন্দর এবং প্রয়োজনীয় কোনো কিছু করতে চাইতেন। তার এ আকাঙ্ক্ষাই তাকে বিখ্যাত সৃজনশীল মানুষ হয়ে উঠতে সাহায্য করেছিল।

**প্রশ্ন– ২ ▸▸** আত্মবিশ্বাসী মানুষের গল্প জেনে এসো আত্মবিশ্বাসী হই

নিশাত মজুমদার বাংলাদেশের প্রথম নারী যিনি পৃথিবীর সর্বোচ্চ চূড়া এভারেস্ট জয় করেছেন। তিনি এর পূর্বে হিমালয়ের সেরা পর্বতশৃঙ্গ, সিংগু চুলি পর্বতশৃঙ্গ,

গঙ্গোত্রী পর্বতশৃঙ্গ এবং পৃথিবীর পঞ্চম উচ্চতম পর্বতশৃঙ্গ মাকালু জয় করেন। তিনি দার্জিলিংয়ের হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট থেকে পর্বতারোহণের প্রশিক্ষণ নেন। এর মাধ্যমে তিনি এভারেস্ট জয়ের সামর্থ্য অর্জন করেন।

[গ্রীন ভিউ উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ]

ক. নিজের প্রতি ভুল বিশ্বাস কী ডেকে আনে? ১

খ. প্রত্যেকেই কীভাবে তার কাজের ক্ষেত্রে সৃজনশীলতার পরিচয় দিতে পারে? ২

গ. নিশাত মজুমদারের সফলতার ক্ষেত্রে কোন বিষয়টি মুখ্য ভূমিকা পালন করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টিকে কি তুমি প্রত্যেক মানুষের জীবনে প্রয়োজনীয় বলে মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** নিজের প্রতি ভুল বিশ্বাস বিপদ ডেকে আনে।

**খ** প্রত্যেকেই পড়ার টেবিল, বই–খাতা, নিজের ঘর ও প্রয়োজনীয় জিনিসপত্র গুছিয়ে রেখে সৃজনশীলতার পরিচয় দিতে পারে। তাছাড়া বই–খাতার পাশে বিষয়ের নাম লিখে, লেখার কাগজের চারপাশে মার্জিন টেনে সৃজনশীলতার পরিচয় দিতে পারে।

**গ** নিশাত মজুমদারের সফলতার ক্ষেত্রে আত্মবিশ্বাস মুখ্য ভূমিকা পালন করেছিল। আত্মবিশ্বাস মানে নিজের জ্ঞান, কর্মক্ষমতা ও কর্মদক্ষতা সম্পর্কে বিশ্বাস ও আস্থা। জীবনে চলার পথে প্রতিবন্ধকতা থাকতে পারে। কিন্তু যারা আত্মবিশ্বাসে বলীয়ান তারা সহজে হাল ছাড়ে না। নিশাত মজুমদার বাংলাদেশের প্রথম নারী হিসেবে পৃথিবীর সর্বোচ্চ চূড়া এভারেস্ট জয় করেছেন। তিনি পৃথিবীর অন্যান্য পর্বত চূড়াও জয় করেন। তিনি হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণ নিয়ে মাউন্ট এভারেস্ট জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী হয়ে ওঠেন। এভারেস্ট জয়ের ক্ষেত্রে অনেক প্রতিকূলতা ছিল কিন্তু তিনি সবকিছুকে উপেক্ষা করে এভারেস্ট জয় করে সফলতার চূড়ান্ত লক্ষ্যে পৌঁছেছিলেন।

**ঘ** উক্ত বিষয় অর্থাৎ আত্মবিশ্বাসকে আমি প্রত্যেক মানুষের জীবনে প্রয়োজনীয় বলে মনে করি। আত্মবিশ্বাসী না হলে জীবনে সফল হওয়া যায় না। আত্মবিশ্বাসে বলীয়ান মানুষই কেবল সফলতার সর্বোচ্চ চূড়ায় আরোহণ করতে পারে। বিভিন্ন সময় পত্রিকায় দেখা যায় যে বিভিন্ন শারীরিক, আর্থিক প্রতিকূলতা সত্ত্বেও বিভিন্ন মানুষ সফলতা লাভ করেন। তাদের এ সফলতার পিছনে অন্তর্নিহিত কারণ খুঁজলে দেখা যায়, মূল কারণ ছিল তাদের আত্মবিশ্বাস। আত্মবিশ্বাস যদি না থাকে মানুষ ছোট ছোট কাজেও সফল হতে পারবে না। যেমন : সাঁতার শেখা, সাইকেল চালানো শেখা, স্কুলের অনুষ্ঠানে বক্তৃতা দেওয়া এমনকি ক্লাসের পড়া তৈরি করা। আলোচনার শেষে বলা যায়, আত্মবিশ্বাস প্রত্যেক মানুষের জীবনেই অতি প্রয়োজনীয়।

## প্রশ্ন– ৩

কায়িক শ্রম ও মেধাশ্রম

রাকিব ও রাসেল দুই ভাই। তাদের একটি গরুর খামার রয়েছে। কোনো কর্মচারী না রেখে খামারের সব কাজ রাকিব নিজেই করে। তার ছোট ভাই রাসেল পড়াশোনা করে। এছাড়া রাসেল জীবন, মন আর প্রবৃত্তি নিয়ে গল্প, কবিতা লিখে। এছাড়া দুই ভাই কখনো কোনো বিষয় নিয়ে ঝগড়া করে না। পাড়ার সকলেই তাদের পছন্দ করে।

ক. প্রকৃত প্রাপ্তির আনন্দ নিহিত আছে কীসের মধ্যে? ১

খ. সাফল্য এমনিতে আসে না কেন? ২

গ. রাকিব ও রাসেলের শ্রমের মধ্যে তফাৎগুলো নির্দেশ কর। ৩

ঘ. রাকিব ও রাসেলের মতো স্বীয় কার্যে প্রতিভা বিকাশের উপায় বিশ্লেষণ কর। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** প্রকৃত প্রাপ্তির আনন্দ নিহিত আছে কাজের মধ্যে।

**খ** সাফল্য এমনিতে আসে না কারণ জীবনে সাফল্য অর্জনের জন্য কঠোর পরিশ্রম এবং অধ্যবসায়ের প্রয়োজন। সততার সাথে মেধা আর পরিশ্রমের সমন্বয় ঘটাতে পারলেই কেবল সাফল্য অর্জন করা যায়।

**গ** রাকিব কোনো কর্মচারী না রেখে খামারে সব কাজ নিজেই করে যা কায়িক শ্রমের অন্তর্গত। অন্যদিকে রাসেল পড়াশোনা করে। জীবন, মন ও প্রবৃত্তি নিয়ে গল্প, কবিতা লিখে যা মেধাশ্রমের অন্তর্গত। নিম্নে রাকিব ও রাসেলের শ্রমের মধ্যে পার্থক্য তুলে ধরা হলো:

| কায়িক শ্রম | মেধাশ্রম |
|---|---|
| i. কায়িক শ্রম বলতে শারীরিক পরিশ্রমকে বোঝায় | i. মেধাশ্রম হলো মানসিক শ্রম। |
| ii. প্রায় সব ধরনের শারীরিক পরিশ্রম কায়িক শ্রমের অন্তর্ভুক্ত। | ii. মেধা ব্যবহার করে সম্পাদিত কাজ মেধাশ্রমের অন্তর্ভুক্ত। |
| iii. কায়িক শ্রমের মাধ্যমে শারীরিক সমস্যা দূর হয়। | iii. মেধাশ্রমের সাথে শারীরিক সমস্যার কোনো সম্পর্ক নেই। |
| iv. জীবনে সফলতা লাভের জন্য কায়িক শ্রম প্রয়োজন। | iv. মেধাশ্রম না থাকলে মানব সভ্যতা উন্নত হতো না। |

**ঘ** রাকিব তার গরুর খামারে কোনো কর্মচারী না রেখে সব কাজ নিজে করে। কারণ নিজের কাজ নিজে করার মাধ্যমে আত্মতৃপ্তি পাওয়া যায়। এতে কাজ সুন্দর হয়, গুছিয়ে করা যায় এবং অর্থের ও সময়ের সাশ্রয় হয়। এছাড়াও সফলতা লাভের জন্য কঠোর পরিশ্রম ও অধ্যবসায়ের প্রয়োজন। এভাবে রাকিব সততার সাথে কায়িক পরিশ্রমের সমন্বয় ঘটিয়ে জীবনে সফলতা অর্জন করতে পারে।

অপরদিকে রাসেল পড়াশোনা করে এবং মনোযোগ দিয়ে কবিতা ও গল্প লেখে। এ কাজের মাধ্যমে রাসেল গল্প ও কবিতা লেখায় এবং পড়াশোনায় যথেষ্ট দক্ষ হয়ে উঠবে। এভাবে মেধাশ্রমের মাধ্যমে সে তার যোগ্যতাকে কাজে লাগিয়ে জীবনে সফলতা অর্জন করতে পারবে।

## প্রশ্ন– ৪

কায়িক শ্রমের পরিচয়

নিচের চিত্র দুটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র –১



চিত্র–২

ক. মোনালিসার চিত্রকর কে? ১
খ. সৃজনশীলতার দুটি বৈশিষ্ট্য লেখ। ২
গ. চিত্র–১ এর ব্যক্তিটি কাজ না করলে কী ঘটবে? বর্ণনা কর। ৩
ঘ. দেশের উন্নয়নে চিত্র–২ এর ব্যক্তির কাজের গুরবত্ব বিশেরষণ কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** মোনালিসার চিত্রকর লিওনার্দো দা ভিঞ্চি।

**খ** সৃজনশীলতার যেসব বৈশিষ্ট্য রয়েছে তন্মধ্যে দুটি বৈশিষ্ট্য নিচে উলেরখ করা হলো–

১. নতুন কিছু উদ্ভাবন বা সৃষ্টি করা।
২. কোনো কাজ নতুনভাবে বা নতুনরূ পে করা।

**গ** চিত্র– ১ এর ব্যক্তিটি একজন রিকশাচালক। তিনি কাজ না করলে আমাদের যাতায়াত ও পরিবহন সমস্যা সৃষ্টি হবে।

আমাদের প্রতিদিনের জীবনযাত্রায় যাতায়াত ও পরিবহন গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমরা সবাই কোনো না কোনো কাজে জড়িত থাকি। কেউ ব্যবসা–বাণিজ্য করি, কেউ চাকরি করি, আবার কেউ পড়ালেখা করি। ব্যবসায়–বাণিজ্যের স্থলে, অফিসে কিংবা স্কুল–কলেজ ও বিশ্ববিদ্যালয়ে যাওয়ার জন্য পরিবহন হিসেবে রিকশার প্রয়োজনীয়তা অপরিসীম। চিত্র–১ এর রিকশাচালক ব্যক্তিটি যদি কাজ না করে তাহলে আমাদের সবারই দৈনন্দিন কর্মস্থলে যাতায়াতে সমস্যা হবে। শুধু তাই নয়, রিকশাচালক ব্যক্তিটির নিজেরও জীবনযাত্রার ব্যয় নির্বাহে সমস্যা হবে। কেননা রিকশা চালানো তার পেশা। তবে সার্বিকভাবে যে সমস্যা হবে সেটা হলো যাতায়াত ও পরিবহন সংকট সৃষ্টি হবে।

**ঘ** চিত্র–২ এর ব্যক্তি একজন কৃষক। কৃষিপ্রধান দেশ হিসেবে দেশের উন্নয়নে কৃষি কাজের গুরবত্ব সর্বাধিক। কারণ কৃষিই এ দেশের জনগণের প্রধান পেশা। দেশের মানুষের খাদ্য চাহিদা পূরণ, শিল্পের কাঁচামাল সরবরাহ, বাসস্থান ও জ্বালানি উপকরণ সরবরাহ, বৈদেশিক মুদ্রা অর্জন প্রভৃতি দৃষ্টিকোণ থেকে কৃষি কাজের গুরবত্ব অপরিসীম। দেশের মানুষের প্রধান খাদ্যশস্য চাল, গম, ডাল, আলু, শাকসবজি, ফলমূল ইত্যাদি কৃষি হতেই আসে। তাছাড়া শিল্পের অধিকাংশ কাঁচামালও যোগান দেওয়া হয় কৃষি হতে। এদেশের রপ্তানিজাত দ্রব্যের বেশির ভাগই কৃষিজাত পণ্য। কৃষি হলো দেশের অর্থনীতির মূল চাবিকাঠি। কৃষির উন্নয়ন হলে মানুষের জীবনযাত্রার মনোন্নয়ন হবে। তাই বলা যায়, দেশের উন্নয়নে চিত্র–২ এর ব্যক্তির বা কৃষি কাজের গুরবত্ব অপরিসীম।

**প্রশ্ন– ৫ ▸▸** কাজের ৰেত্রে আত্মমর্যাদা

জিয়ান ৬ষ্ঠ শ্রেণির মেধাবী ছাত্র। তার বাবা নেই। আত্মীয়স্বজনের আর্থিক সহায়তায় তার ও তার মায়ের সংসার চলে। কর্ম ও জীবনমুখী শিৰার প্রথম ক্লাসে শিৰক আত্মমর্যাদা বিষয়ে পাঠদানের পর জিয়ান কী যেন চিন্তা করতে করতে বাসায় আসল। তার মা তাকে চিন্তা করার কারণ জিজ্ঞাসা করলে সে শ্রেণিকৰে শিৰকের পাঠদানের বিষয়টি বুঝিয়ে বলল এবং তার মাকে আত্মীয়স্বজনের সাহায্য নিতে নিষেধ করল। এরপর জিয়ান তার মায়ের সাথে পরামর্শ করে বাড়িতে মুরগি পালন করতে লাগল। মুরগির ডিম বিক্রি থেকে যে আয় হয় তা দিয়েই তার মা তার পড়ালেখার খরচ ও সংসার চালাতে লাগল।

ক. কে পরাস্টিক ও ক্যামেরা তৈরি করেন?
খ. মেধা শ্রমের প্রয়োজনীয়তা লেখ।
গ. জিয়ানের মধ্যে কীভাবে আত্মমর্যাদাবোধ জাগ্রত হলো? বর্ণনা কর।
ঘ. "কাজের মাধ্যমে আত্মমর্যাদার প্রকাশ ঘটে"– জিয়ানের ভাবনার আলোকে বিষয়টি মূল্যায়ন কর।

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** লিওনার্দো দা ভিঞ্চি পরাস্টিক ও ক্যামেরা তৈরি করেন।

**খ** মানুষের জীবনযাপনকে সাবলিল ও আরামদায়ক করার জন্য মেধাশ্রম প্রয়োজন। যেমন– বিজ্ঞানীরা যদি তাদের বুদ্ধি ও মেধা খাঁটিয়ে বিভিন্ন আবিষ্কার না করতেন তাহলে আমাদের জীবন এতটা আরামদায়ক হতো না। শিৰা, চিকিৎসা, কৃষি, যোগাযোগ প্রভৃতি ৰেত্রে মেধাশ্রমের আবিষ্কার বিদ্যমান।

**গ** আত্মমর্যাদা সম্পর্কে শিৰকের পাঠদানের প্রেৰিতে জিয়ানের ভিতর আত্মমর্যাদাবোধ জাগ্রত হলো।

প্রত্যেক মানুষের অন্তরে মর্যাদার বিষয়টি সুপ্ত থাকে। সঠিক প্রনোদনা ও শিৰার মাধ্যমে তা জাগ্রত হয়। জিয়ান ৬ষ্ঠ শ্রেণির বালক। শিৰকের আত্মমর্যাদা সম্পর্কিত পাঠদানের বিষয়টি তার কিশোর মনের সুপ্ত মর্যাদাবোধকে উদ্দীপিত করে। সে বুঝতে পারে তার মায়ের এভাবে আত্মীয়স্বজনের কাছ থেকে আর্থিক সহায়তা গ্রহণ করা ঠিক হচ্ছে না। তাদের কাজ করে অর্থ উপার্জন করা উচিত। অর্থাৎ শিৰার মাধ্যমে জিয়ান আত্মমর্যাদা সম্পর্কে বুঝতে পারল ও জানতে পারল। তাই বলা যায়, শিৰার মাধ্যমেই জিয়ানের মধ্যে আত্মমর্যাদাবোধ জাগ্রত হলো।

**ঘ** কাজ করার মধ্যে কোনো লজ্জা নেই, বরং এতে নিজের মর্যাদা বাড়ে। শ্রেণিকৰে শিৰক আত্মমর্যাদা সম্পর্কে যে পাঠদান করেছেন তাতে জিয়ান বুঝতে পারল কাজের মাধ্যমেই মর্যাদা অর্জিত হয়, আত্মমর্যাদার প্রকাশ ঘটে। জিয়ানের মা আত্মীয়স্বজনের কাছ থেকে আর্থিক সহায়তা নিয়ে জিয়ানের লেখাপড়ার খরচ ও সংসার চালাতেন। জিয়ান 'কর্ম ও জীবনমুখী শিৰা' ক্লাসে বুঝতে পারল এভাবে হাত পেতে অন্যের সাহায্য নেওয়া ঠিক না। এটা অসম্মানজনক কাজ। তাই সে তার মায়ের সাথে পরামর্শ করে বাড়িতে মুরগির খামার গড়ে তুলল। এই খাবারের ডিম বাজারে বিক্রি করে যে লাভ হয় তাতে তার পড়ালেখার খরচ ও সংসার ভালোভাবে চলে যায়। জিয়ান বুঝতে পারল কাজ করতে লজ্জাবোধ থাকা উচিত নয়। কাজের মাধ্যমেই অর্জিত হয় সফলতা। আর সফল ব্যক্তিকে সবাই সম্মান করে। তবে সঠিকভাবে কাজ করার জন্য কাজ শিখে নিতে হয় এবং বারবার চেষ্টা করতে হয়। তবেই আসে সফলতা। অতএব বলা যায়, "কাজের মাধ্যমে আত্মমর্যাদা প্রকাশ ঘটে"–জিয়ানের এ ভাবনাটি সঠিক।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৬ ▸▸** কায়িক শ্রম ও এর অনুশীলন

আজিজ পুরান ঢাকার একজন রিকশাচালক। রোদ–বৃষ্টি, ঝড়–ঝঞ্ঝা উপেৰা করে তিনি রিকশা চালান। হাজারো প্রতিকূল পরিবেশেও তার রিকশার চাকা থামে না। কেননা এই রিকশা চালিয়েই তিনি তার ছেলেমেয়ের পড়ালেখার খরচ চালাচ্ছেন।

ক. আত্মমর্যাদার অর্থ কী? ১
খ. মেধাশ্রমের ফলে আমাদের জীবন আরামদায়ক হয়েছে–ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের আজিজের শ্রমটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. আমাদের উচিত আজিজের মতো ব্যক্তিদের সম্মান করা– বিশেৰষণ কর।

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** আত্মমর্যাদার অর্থ হলো নিজের প্রতি সম্মান।

**খ** মানুষ যদি মেধাশ্রম না করত তবে মানবসভ্যতা দিনে দিনে এত উন্নত হতো না। মেধাশ্রম দিয়েই মানুষ তৈরি করেছে ঘরবাড়ি, রাস্তাঘাট, যানবাহন, বিদ্যুৎ,

মোবাইল ফোন, কম্পিউটার, টিভি, ফ্রিজ ইত্যাদি। সুতরাং বলা যায়, মেধাশ্রমের ফলেই আমাদের জীবন আরামদায়ক হয়েছে।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** কায়িক শ্রম সম্পর্কে ধারণা দাও।

**ঘ** কায়িক শ্রমিকদের মর্যাদা দেওয়া আমাদের সকলের কর্তব্য– বক্তব্যটি বিশ্লেষণ কর।

**প্রশ্ন– ৭ ▸▸** কায়িক শ্রম ও এর অনুশীলন

রামিমের বড় মামা একজন প্রকৌশলী। তিনি রামিমদের টিনের ঘরগুলো ভেঙে সেখানে একটি দোতলা বিল্ডিং নির্মাণ করছেন। রামিম দেখেছে তার মামা বড় একটি কাগজে পুরো বিল্ডিংয়ের নকশা তৈরি করেছেন। একদল রাজমিস্ত্রি সেই নকশা অনুযায়ী তাদের বাড়িটি তৈরি করছেন।

ক. সবার বিচারে শতাব্দীর অন্যতম সৃজনশীল মানুষ কে? ১
খ. যারা কায়িক শ্রম করেন তাদেরকে সম্মান করব কেন? ২
গ. উদ্দীপকে কোন ধরনের শ্রমের বর্ণনা রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমান সভ্যতা তৈরিতে উদ্দীপকে উল্লিখিত উভয় প্রকার শ্রমেরই গুরুত্বপূর্ণ অবদান রয়েছে– বিশ্লেষণ কর। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** সবার বিচারে শতাব্দীর অন্যতম সৃজনশীল মানুষ টমাস আলভা এডিসন।

**খ** যারা শারীরিক পরিশ্রম করে জীবিকা নির্বাহ করেন তারা হলো কায়িক শ্রমিক। কায়িক শ্রম অনেক কঠিন কাজ। এ কঠিন কাজগুলো কেউ কেউ করেন বলেই আমরা আরামদায়কভাবে জীবনযাপন করতে পারছি। তাই আমাদের প্রত্যেকের উচিত তাদেরকে সম্মান করা।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** কায়িক শ্রম ও মেধাশ্রম সম্পর্কে ধারণা দাও।

**ঘ** বর্তমান সভ্যতা তৈরিতে কায়িক শ্রম ও মেধাশ্রমের অবদান বিশ্লেষণ কর।

**প্রশ্ন– ৮ ▸▸** কাজের ক্ষেত্রে আত্মমর্যাদা

রাহাত গ্রামের এক হাইস্কুল শিক্ষক। তিনি অন্য শিক্ষকদের থেকে একটু আলাদা। তিনি সুস্থ থাকা অবস্থায় ছুটি কাটান না। প্রতিটি ক্লাস মনোযোগ সহকারে নেন। সব সময় পরিপাটি হয়ে থাকেন। পড়াশোনায় অমনোযোগী ছাত্রছাত্রীদের পরামর্শ দিয়ে সাহায্য করেন। শিক্ষক সভায় তিনি নিজে যেমন বিভিন্ন বিষয়ে মতামত দেন তেমনি অন্য শিক্ষকদের মতামতকেও সম্মান করেন।

ক. রিকশা চালাতে যে শারীরিক পরিশ্রম হয় তাকে কী বলে? ১
খ. কীভাবে সাফল্য অর্জন করা যায়? ২
গ. রাহাত কোন প্রকৃতির মানুষ? বর্ণনা কর। ৩
ঘ. রাহাতের মতো মানুষ সমাজে যত বেশি হবে সমাজ তত উন্নত হবে'– বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** রিকশা চালাতে যে শারীরিক পরিশ্রম হয় তাকে কায়িক শ্রম বলে।

**খ** সাফল্য অর্জনের জন্য প্রয়োজন কাঠোর পরিশ্রম ও অধ্যবসায়। সততার সাথে মেধা আর পরিশ্রমের সমন্বয় ঘটাতে পারলেই কেবল সাফল্য অর্জন করা যায়।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** কীভাবে আত্মমর্যাদাবান মানুষ হওয়া যায়? ব্যাখ্যা কর।

**ঘ** 'সমাজে আত্মমর্যাদাবান মানুষ যত বেশি হবে সমাজ তত উন্নত হবে'– বক্তব্যটি বিশ্লেষণ কর।

**প্রশ্ন– ৯ ▸▸** কায়িক শ্রমের পরিচয়

বর্ণিতার স্কুলের মালী বাগানের সব গাছপালা নিয়মিত দেখাশোনা করেন এবং পানি দেন। আবার, স্কুলের দপ্তরি বিভিন্ন সময়ে ঘণ্টা বাজিয়ে তাদের ক্লাসের সময়সূচির ব্যাপারে জানিয়ে দেন।

ক. লিওনার্দো দা ভিঞ্চির পুরো নাম কী? ১
খ. আত্মবিশ্বাসী ও আত্মবিশ্বাসহীন মানুষের মধ্যে পার্থক্য কীরূপ? ২

গ. উদ্দীপকে যে শ্রমের বৈশিষ্ট্য ফুটে উঠেছে তার বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকে উলিরখিত শ্রম সম্পর্কে উক্ত স্কুলের শিৰাৰ্থী হিসেবে তোমার মতামত বিশেরষণ কর। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** লিওনার্দো দা ভিঞ্চির পুরো নাম লিওনার্দো দি সের পিয়েরো দা ভিঞ্চি।

**খ** আত্মবিশ্বাসী মানুষ জানে জীবনে চলার পথে নানা প্রতিবন্ধকতা থাকতে পারে। সেজন্য তারা সহজে হাল ছাড়ে না। লৰ্যে না পৌছানো পর্যন্ত তারা তাদের সংগ্রাম চালিয়ে যেতে থাকে। অপরদিকে আত্মবিশ্বাসহীন মানুষ অল্পতেই হাল ছেড়ে দেয়, স্বীকার করে নেয় পরাজয়।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** কায়িক শ্রমের বর্ণনা দাও।

**ঘ** কায়িক শ্রম সম্পর্কে তোমার মতামত দাও।

## নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কারা কাজের মধ্যে আনন্দ পায়?**
**উত্তর :** আত্মমর্যাদা ও আত্মবিশ্বাসে বলীয়ান ব্যক্তিরা কাজের মধ্যে আনন্দ পায়।

**প্রশ্ন ॥ ২ ॥ সৃজনশীলতার পূর্ণ বিকাশ ঘটে কীভাবে?**
**উত্তর :** সৃজনশীলতার পূর্ণ বিকাশ ঘটে মেধাশ্রম ও কায়িক শ্রমের মাধ্যমে।

**প্রশ্ন ॥ ৩ ॥ আমরা উচ্চস্বরে কথা বললে কাদের সমস্যা হবে?**
**উত্তর :** আমরা উচ্চস্বরে কথা বললে প্রতিবেশীর সমস্যা হবে।

**প্রশ্ন ॥ ৪ ॥ পরিষ্কার–পরিচ্ছন্ন না থাকলে আমাদের কেমন দেখাবে?**
**উত্তর :** পরিষ্কার–পরিচ্ছন্ন না থাকলে আমাদের নোংরা দেখাবে।

**প্রশ্ন ॥ ৫ ॥ আত্মবিশ্বাস মানে কী?**
**উত্তর :** আত্মবিশ্বাস মানে নিজের জ্ঞান, কর্মক্ষমতা ও কর্মদক্ষতা সম্পর্কে বিশ্বাস ও আস্থা।

**প্রশ্ন ॥ ৬ ॥ জীবনে সফল হওয়ার মূলমন্ত্র কী?**
**উত্তর :** জীবনে সফল হওয়ার মূলমন্ত্র হলো আত্মবিশ্বাস।

**প্রশ্ন ॥ ৭ ॥ বাংলাদেশের প্রথম এভারেস্ট বিজয়ীর নাম কী?**
**উত্তর :** বাংলাদেশের প্রথম এভারেস্ট বিজয়ীর নাম মুসা ইব্রাহিম।

**প্রশ্ন ॥ ৮ ॥ সৃজনশীলতা শব্দের অর্থ কী?**
**উত্তর :** সৃজনশীলতা শব্দের অর্থ হলো নতুন কোনো কিছু তৈরি করা।

**প্রশ্ন ॥ ৯ ॥ বাংলাদেশের বিখ্যাত একজন শিল্পীর নাম লেখ?**
**উত্তর :** বাংলাদেশের বিখ্যাত একজন শিল্পীর নাম শিল্পাচার্য জয়নুল আবেদিন।

**প্রশ্ন ॥ ১০ ॥ বিদ্যুৎ আবিষ্কার করেন কে?**
**উত্তর :** বিদ্যুৎ আবিষ্কার করেন টমাস আলভা এডিসন।

**প্রশ্ন ॥ ১১ ॥ লিওনার্দো দা ভিঞ্চি কত সালে জন্মগ্রহণ করেন?**
**উত্তর :** লিওনার্দো দা ভিঞ্চি ১৪৫২ সালে জন্মগ্রহণ করেন।

**প্রশ্ন ॥ ১২ ॥ কে প্রথম হেলিকপ্টারের নকশা তৈরি করেন?**
**উত্তর :** লিওনার্দো দা ভিঞ্চি প্রথম হেলিকপ্টারের নকশা তৈরি করেন।

**প্রশ্ন ॥ ১৩ ॥ সাফল্য অর্জনের জন্য কী প্রয়োজন?**
**উত্তর :** সাফল্য অর্জনের জন্য কঠোর পরিশ্রম ও অধ্যবসায় প্রয়োজন।

**প্রশ্ন ॥ ১৪ ॥ মেধাশ্রমের অপর নাম কী?**
**উত্তর :** মেধাশ্রমের অপর নাম মানসিক শ্রম।

**প্রশ্ন ॥ ১৫ ॥ ডাক্তারের রোগী দেখা কোন ধরনের কাজ?**
**উত্তর :** ডাক্তারের রোগী দেখা মেধাশ্রমের কাজ।

**প্রশ্ন ॥ ১৬ ॥ মেধাশ্রম কাকে বলে?**
**উত্তর :** মেধা খাটিয়ে যে কাজ করা হয় তাকে মেধাশ্রম বলে।

### ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কায়িক শ্রমিকদের সাথে কেমন আচরণ করা উচিত? ব্যাখ্যা কর।**
**উত্তর :** যারা কায়িক শ্রম করেন আমাদের উচিত তাদেরকে সম্মান করা।
রিকশা চালানো, নৌকা চালানো, ৰেতে কাজ করা অনেক কঠিন কাজ। তারা এই কঠিন কাজগুলো করেন বলেই আমাদের জীবন অনেক সহজ হয়ে গেছে। তাই আমাদের উচিত তাদের সম্মান করা।

**প্রশ্ন ॥ ২ ॥ শুধু ভারি কাজ নয় যেকোনো ধরনের পরিশ্রমই কায়িক শ্রম– ব্যাখ্যা কর।**
**উত্তর :** কায়িক শ্রম বলতে আমরা শারীরিক পরিশ্রমকে বুঝি। তবে শুধু ভারি কাজ করাই যে কায়িক শ্রম তা নয়, আসলে যেকোনো ধরনের শ্রমই কায়িক শ্রম। হাঁটা–চলা যেমন এক ধরনের কায়িক শ্রম, তেমনি খেলাধুলা করাও এক ধরনের কায়িক শ্রম।

**প্রশ্ন ॥ ৩ ॥ কয়েকটি সৃজনশীল কাজের পরিচয় দাও।**
**উত্তর :** সৃজনশীলতা কমবেশি সবার মধ্যে থাকে। একেকজন একেকভাবে সৃজনশীলতার বিকাশ ঘটায়। নিচে কয়েকটি সৃজনশীল কাজের উদাহরণ দেওয়া হলো :
১. আলপনা আঁকা;
২. কবিতা বা গল্প লেখা;
৩. মগ, গ্লাস তৈরি করা প্রভৃতি।

**প্রশ্ন ॥ ৪ ॥ কায়িক শ্রম বলতে কী বোঝায়?**
**উত্তর :** কায়িম শ্রম বলতে আমরা আসলে শারীরিক পরিশ্রমকে বুঝি। প্রায় সব ধরনের শারীরিক পরিশ্রম কায়িক শ্রমের অন্তর্ভুক্ত। হাঁটা–চলা যেমন এক ধরনের কায়িক শ্রম, তেমনি খেলাধুলা করাও এক ধরনের কায়িক শ্রম। এছাড়া অনেক পেশাজীবী আছেন, যারা নিয়মিত কায়িক শ্রম দিয়ে জীবিকা অর্জন করে থাকেন।

**প্রশ্ন ॥ ৫ ॥ কীভাবে রবীন্দ্রনাথ ঠাকুরের সৃজনশীলতার পরিচয় পাওয়া যায়?**
**উত্তর :** রবীন্দ্রনাথ ঠাকুর আমাদের নোবেল বিজয়ী কবি। তিনি মানুষের জীবন, মন আর প্রকৃতি নিয়ে গল্প, কবিতা, নাটক, উপন্যাস ও অসংখ্য গান লিখেছেন। গানে সুরও দিয়েছেন। তিনি ছবিও আঁকতেন। তার সে লেখায়, কথার বুননে, শব্দ চয়নে, বাক্যের গাঁথুনিতে আমরা তার সৃজনশীলতার পরিচয় পাই।

**প্রশ্ন ॥ ৬ ॥ কয়েকটি কায়িক শ্রমের উদাহরণ দাও।**

**উত্তর :** শারীরিক পরিশ্রমের মাধ্যমে সংঘটিত কাজকে কায়িক শ্রম বলা হয়। আমরা প্রতিদিন বিভিন্ন ধরনের কায়িক শ্রম করে থাকি। নিচে কায়িক শ্রমের কয়েকটি উদাহরণ দেওয়া হলো :

১. ডাকপিয়নের চিঠি বিলি করা;
২. থালা–বাসন পরিষ্কার করা;
৩. খেলাধুলা করা;
৪. খেতে কাজ করা প্রভৃতি।